বার্ষিক

প্রতিবেদন ২০২৩-২৪

বার্ষিক প্রতিবেদন
২০২৩-২০২৪

৩১ অক্টোবর ২০২৪

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান পৃষ্ঠপোষক:	নূরজাহান বেগম মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সার্বিক তত্ত্বাবধানে:	ডা: মো: সারোয়ার বারী সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

সম্পাদনা পরিষদ

১।	অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ)	- আহ্বায়ক
২।	অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)	- সদস্য
৩।	অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ)	- সদস্য
৪।	অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ)	- সদস্য
৫।	অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ)	- সদস্য
৬।	যুগ্মসচিব (বাজেট অনুবিভাগ)	- সদস্য
৭।	যুগ্মসচিব (আইন অধিশাখা)	- সদস্য
৮।	যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা)	- সদস্য
৯।	যুগ্মসচিব (চিশি অধিশাখা)	- সদস্য
১০।	যুগ্মসচিব (পার অধিশাখা)	- সদস্য
১১।	যুগ্মসচিব (শৃংখলা অধিশাখা)	- সদস্য
১২।	যুগ্মসচিব (মেরামত অধিশাখা)	- সদস্য
১৩।	যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা)	- সদস্য
১৪।	যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা)	- সদস্য
১৫।	যুগ্মসচিব (প্রকল্প বাস্তবায়ন অধিশাখা)	- সদস্য
১৬।	উপসচিব (প্রশাসন-১ শাখা)	- সদস্য
১৭।	উপসচিব (প্রশাসন-২ শাখা)	- সদস্য
১৮।	সচিবের একান্ত সচিব (স্বা:শি:প:ক:বি)	- সদস্য
১৯।	প্রোগ্রামার, (স্বা:শি:প:ক:বি)	- সদস্য
২০।	যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)	- সদস্য সচিব

সার্বিক ব্যবস্থাপনায়:	প্রশাসন অনুবিভাগ স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

প্রকাশক ও স্বত্ব:	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পরিচিতি, রূপকল্প ও অভিলক্ষ্য

চিকিৎসা শিক্ষার সম্প্রসারণ, মানোন্নয়ন ও পরিকল্পিতভাবে মানব সম্পদ উন্নয়ন সুস্থ জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৬ মার্চ ২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে পুনর্গঠন করে স্বাস্থ্য সেবা বিভাগ (Health Services Division) এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (Medical Education and Family Welfare Division) দু'টি বিভাগ গঠন করা হয়। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের মূল উদ্দেশ্য হচ্ছে-মানসম্মত স্বাস্থ্য শিক্ষার সুযোগ নিশ্চিতকরণ, সর্বজনীন পরিবার পরিকল্পনা সেবা ও প্রজনন স্বাস্থ্যসেবার সম্প্রসারণ, মা ও শিশুর স্বাস্থ্যসেবা জোরদারকরণ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত নির্মাণ ও অবকাঠামো উন্নয়ন এবং গবেষণা ও প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণ। এ লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের নার্সিং শিক্ষা উইং, মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সমূহ, মেডিকেল কলেজসমূহ, নার্সিং কলেজ, নার্সিং ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস্), ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক ও মিডওয়াইফারিসহ বিভিন্ন প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে।

রূপকল্প (Vision)

সকলের জন্য মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সাশ্রয়ী পরিবার পরিকল্পনা সেবা প্রদান।

অভিলক্ষ্য (Mission)

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সবার জন্য সাশ্রয়ী ও গুণগত পরিবার পরিকল্পনা সেবা প্রদান নিশ্চিত করা।

বিভাগের গুরুত্বপূর্ণ কার্যক্রম

১. চিকিৎসা শিক্ষা ও পরিবার পরিকল্পনা সংক্রান্ত যুগোপযোগী আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়ন;
২. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ সংক্রান্ত স্থাপনা নির্মাণ, পরিদর্শন, রক্ষণাবেক্ষণ ও সম্প্রসারণ;
৩. স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান এবং জনগণের প্রত্যাশিত স্বাস্থ্যসেবার পরিধি সম্প্রসারণ;
৪. শিশু, কিশোর, প্রজনন ও মাতৃ স্বাস্থ্যসেবা বিষয়ক উন্নয়ন কর্মসূচি এবং মাঠ পর্যায়ের মনিটরিং কার্যক্রম বাস্তবায়ন;
৫. স্বাস্থ্য শিক্ষা ও জনসংখ্যা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাবলি।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ-এর সাংগঠনিক কাঠামো

কার্যপরিধি

১. পরিবার পরিকল্পনা, চিকিৎসা শিক্ষা, মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ডেন্টাল, নার্সিং ও মিডওয়াইফারী, দেশজ, হোমিওপ্যাথিক, ফার্মাসিউটিক্যাল, ম্যাটস ও আইএইচটি, চিকিৎসা ও অস্ত্রোপচার যন্ত্র বিষয়ক নীতি, প্রশিক্ষণ ও গবেষণা;
২. বিএমডিসি, এসএমএফ, বিএমআরসি, বিএনএমসি সংক্রান্ত কার্যক্রম এবং মেডিকেল, ডেন্টাল, নার্সিং ও মিডওয়াইফারী পেশাদার এবং বিকল্প চিকিৎসক কর্মীদের রেজিস্ট্রেশন এবং মান নিয়ন্ত্রণ সংক্রান্ত কার্যক্রম;
৩. পরিবার পরিকল্পনা বিষয়ে জাতীয় ও সামাজিক পর্যায়ে প্রচারণা ও প্রণোদনা প্রদান;

কার্যপরিধি

৪. জন্ম নিয়ন্ত্রণ উপকরণ ক্রয়, মজুদ এবং বিতরণ, পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ এবং হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্র, মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মাধ্যমে পরিবার পরিকল্পনা বিষয়ে সহায়তা প্রদান;
৫. স্বাস্থ্য শিক্ষা, পরিবার পরিকল্পনা, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ইউনানী, আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক, নিমিউ এন্ড টিসি, টেমো এবং অধীনস্থ অন্যান্য দপ্তরের প্রশাসনিক বিষয়াদি;
৬. বিভাগের সম্পত্তি, আইন, বাজেট, পরিসংখ্যান, ফিস ইত্যাদির ব্যবস্থাপনা।



জনবল (কর্মকর্তা)

ক্রম.	পদের নাম	পদের সংখ্যা
১	সচিব	১
২	অতিরিক্ত সচিব	২
৩	যুগ্মসচিব	৪
৪.	উপসচিব	১৩
৫.	উপপ্রধান	১
৫.	সচিবের একান্ত সচিব (সি.স.স)	১
৬.	সিনিয়র সহকারী সচিব	২৯
৭.	সি.সহ. প্রধান/সহকারী প্রধান	৯
৮.	সিস্টেম এনালিস্ট	১
৯.	প্রোগ্রামার	১
১০	সহকারী প্রোগ্রামার	২
১১	সহকারী মেইনটেনেন্স ইঞ্জি:	১
১২	সিনিয়র কম্পি: অপারেটর	১
১৩	হিসাবরক্ষণ কর্মকর্তা	১
১৪.	লাইব্রেরিয়ান	১
	মোট =	৬৮

জনবল (কর্মচারী)

১. প্রশাসনিক কর্মকর্তা	২৯
২. ব্যক্তিগত কর্মকর্তা	২১
৩. সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পি: অপা:	১৩
৪. অফিস সহঃ কাম কম্পিউঃ অপাঃ	২৮
৫. হিসাবরক্ষক	০১
৬. সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা	০১
৭. ক্যাশিয়ার	০১
৮. ক্যাটালগার	০১
৯. কম্পিউটার অপারেটর	০৬
১০. ডুপ্লিকেটিং মেশিন অপারেটর	০১
১১. অফিস সহায়ক	৪৩
মোট=	১৪৫

অফিস সরঞ্জামাদির তথ্য

ক্রমিক	নাম	পরিমাণ
০১.	জীপ	০১
০২.	মাইক্রোবাস	০৫
০৩.	মোটর সাইকেল	০১
০৪.	ফটোকপিয়ার মেশিন	০৫

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
অধিদপ্তর
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
বাংলাদেশ বোর্ড অফ ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস অফ মেডিসিন
সংস্থা
বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিল
বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড
বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ

মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
মেডিকেল কলেজ
ইউনানী আয়ুর্বেদিক কলেজ
হোমিওপ্যাথিক কলেজ
ম্যাটস
আইএইচটি
নার্সিং কলেজ / ইন্সটিটিউট
স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় খুলনা
সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

অনুবিভাগ ভিত্তিক কর্মবণ্টন

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতায় ০৬টি অনুবিভাগ রয়েছে। অনুবিভাগভিত্তিক গুরুত্বপূর্ণ কার্যাবলী সংক্ষিপ্ত আকারে নিম্নে উল্লেখ করা হলো:

১. প্রশাসন অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী

- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
- সাংগঠনিক কাঠামো পুনর্গঠন সংক্রান্ত কার্যক্রম;
- পদ সৃষ্টি ও সংরক্ষণ, স্থানান্তর, স্থায়ীকরণ সংক্রান্ত কার্যক্রম;
- নিয়োগ বিধি/নীতিমালা প্রণয়ন/সংশোধন/পদবি পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম;
- নিয়োগ, বদলি, পদায়ন, ছুটি, লিয়েন, পদোন্নতি, নিয়োগের জন্য ছাড়পত্র প্রদান, বেতন বৈষম্য দূরীকরণ, অনিয়মিত নিয়োগ সংক্রান্ত কার্যক্রম;
- প্রেষণ, ইস্তফা, পিআরএল, অবসর গ্রহণ, গ্রেডেশন তালিকা প্রণয়ন সংক্রান্ত রেফার্ড কেস ও প্রশাসনিক কার্যক্রম;
- বিভাগের বিভিন্ন অনুবিভাগ, অধিশাখা ও শাখায় কার্যক্রম বণ্টন এবং সামঞ্জস্যকরণ;
- জাতীয় সংসদে স্থায়ী কমিটির কার্যসমূহ, জাতীয় সংসদ সংক্রান্ত কার্যাবলী;
- সংসদে উপস্থাপিত প্রশ্নপত্রের জবাব প্রণয়ন ও প্রেরণ;
- সংসদীয় স্থায়ী কমিটির চাহিদা অনুযায়ী তথ্য প্রদান ও সভায় অংশগ্রহণ;
- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয় নিশ্চিতকরণ;
- এ বিভাগ ও বিভাগের অধীনস্থ অধিদপ্তর এবং দপ্তরসমূহের স্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ, ভূমি ব্যবস্থাপানা সংক্রান্ত কার্যক্রম;
- এ বিভাগের ও বিভাগের অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের পেনশন, অন্যান্য অগ্রিম ও ঋণ মঞ্জুরী এবং কর্মচারীদের কল্যাণ ও সেবা বিষয়ক কার্যাবলী;
- ইউনানী ও আয়ুর্বেদিক এবং হোমিওপ্যাথিক বোর্ড, মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল, রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং চিকিৎসা শিক্ষা সংশ্লিষ্ট নিবন্ধন প্রদানকারী অন্যান্য সংস্থা সংক্রান্ত প্রশাসনিক কার্যাবলী;
- মানব সম্পদ ব্যবস্থাপনার দক্ষতা ও কর্ম সম্পাদন নিশ্চিতকরণের লক্ষ্যে Performance Management কার্যক্রম বাস্তবায়ন;
- বিভাগ ও বিভাগের অধীনস্থ অধিদপ্তর, দপ্তর, সংস্থাসমূহের সমন্বয় সভা অনুষ্ঠান এবং জেলা পর্যায়ে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যক্রম মনিটরিং ও এ বিষয়ে নীতি নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম;
- প্রশিক্ষণ, সভা, সেমিনার এবং আন্তঃমন্ত্রণালয় সভা/কর্মশালায় প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত কার্যক্রম;
- জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, ইআরডি, অর্থ বিভাগ এর সাথে সংশ্লিষ্ট কার্যক্রম;
- বৈদেশিক প্রশিক্ষণ, সভা, সেমিনার, কর্মশালা, বিদেশে শিক্ষাসফর, দেশি-বিদেশি ও আন্তর্জাতিক সংস্থা কর্তৃক প্রদত্ত ফেলোশিপ, উচ্চ শিক্ষা কোর্সে বৃত্তি, শিক্ষা ছুটি, প্রেষণ ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম;
- যানবাহন ক্রয়, সংগ্রহ ও মেরামতের বিষয়ে আর্থিক/প্রশাসনিক মঞ্জুরি সংক্রান্ত কার্যক্রম;
- মানব সম্পদ উন্নয়ন ও জেন্ডার ইস্যু সংক্রান্ত কার্যক্রম;
- এ বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের সার্বিক কার্যক্রমের সমন্বয়, পরিবীক্ষণ এবং মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম;
- বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, প্রটোকল, সাধারণ সেবাসহ সাধারণ প্রশাসন সংক্রান্ত কার্যক্রম;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী।

২. জনসংখ্যা ও পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী

- জনসংখ্যা নীতিসহ জনসংখ্যা ও পরিবার কল্যাণ সংক্রান্ত আইন/বিধি/প্রবিধি/কৌশল/এ্যাকশন প্ল্যান প্রণয়ন/সংশোধন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
- 'জাতীয় জনসংখ্যা পরিষদ' এবং 'জাতীয় জনসংখ্যা পরিষদের নির্বাহী কমিটি' সংক্রান্ত কার্যক্রম;
- Partners in Population and Development (PPD) সংক্রান্ত কার্যক্রম;
- বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন সংক্রান্ত কার্যক্রম;
- জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)-এর সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম;
- নিপোর্ট-এর প্রশিক্ষণ ও গবেষণা সংশ্লিষ্ট সকল বিষয়াবলী (curriculum, training calendar/plan প্রণয়ন, বাস্তবায়ন ইত্যাদি) সংক্রান্ত কার্যক্রম;
- ম্যাটারনাল, শিশু, নবজাতক, প্রজনন এবং adolescent স্বাস্থ্য সম্পর্কিত কার্যক্রম;
- জনসংখ্যার বিভিন্ন অংশ (শিশু, নারী, প্রতিবন্ধী ইত্যাদি) উপর জলবায়ু পরিবর্তনজনিত স্বাস্থ্যগত প্রভাব ও তার প্রতিকার সংক্রান্ত কার্যক্রম;
- জনসংখ্যা ও পরিবার কল্যাণ সম্পর্কিত বিভিন্ন ধরনের গবেষণা, সমীক্ষা, কেস স্টাডি সংক্রান্ত কার্যক্রম,
- টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের লক্ষ্যে জনসংখ্যা ও পরিবার কল্যাণ সংক্রান্ত কার্যক্রম;
- অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে জনসংখ্যা ও পরিবার কল্যাণ সংশ্লিষ্ট কার্যক্রমের সমন্বয় সংক্রান্ত কার্যক্রম;
- বিভাগীয় মামলা ও শৃঙ্খলামূলক কার্যক্রমের সিদ্ধান্তের বিরুদ্ধে দায়েরকৃত মামলার তথ্যবিবরণী প্রণয়ন ও মামলা পরিচালনা সম্পর্কিত কার্যক্রম;
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিভাগীয় মামলা ও শৃঙ্খলামূলক কার্যক্রমের বিরুদ্ধে আদালতে/প্রশাসনিক ট্রাইব্যুনালে দায়েরকৃত আপীল সম্পর্কিত কার্যক্রম;
- রীট পিটিশন, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ, আপীল বিভাগের বিবেচ্য যাবতীয় বিষয়, প্রশাসনিক ট্রাইব্যুনাল ও আপীলেট ট্রাইব্যুনালে দাখিলকৃত মামলা সংক্রান্ত যাবতীয় বিষয়াদি;
- অধঃস্তন আদালতসমূহে দায়েরকৃত মামলা সংক্রান্ত বিষয়াদি, আদালত অবমাননার মামলা সম্পর্কে যাবতীয় কার্যক্রম;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী।

৩. আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী

- উন্নয়ন প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কার্যক্রম;
- উন্নয়ন বাজেটের আওতায় পদ সৃষ্টি, জনবল নিয়োগ, পদ সংরক্ষণ ও স্থানান্তর সংক্রান্ত কার্যাবলী;
- অর্থ ছাড়, বরাদ্দ, ব্যয় ইত্যাদিসহ উন্নয়ন বাজেটের আওতায় আর্থিক ব্যবস্থাপনার সামগ্রিক সমন্বয় সংক্রান্ত কার্যাবলী;
- প্রকল্প/কর্মসূচির পরিচালক/লাইন ডাইরেক্টর এবং পণ্য সংগ্রহকারী আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের অনুকূলে অর্থ ন্যস্তকরণ, হিসাব সংগ্রহ, সমন্বয় ও সামঞ্জস্যবিধান;
- MTBF (Mid Term Budgetory Framework) প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম;
- উন্নয়ন প্রকল্পসমূহে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত কার্যাবলী;
- উন্নয়ন প্রকল্প /কার্যক্রমসমূহের প্রশাসনিক ও আর্থিক মঞ্জুরি, অর্থ ছাড়, ব্যয় বিবরণী প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম;
- ঋণ চুক্তির অধীন আইডিএ ও উন্নয়ন সহযোগী দেশ/সংস্থা কর্তৃক অর্থায়িত ও ব্যয়িত অর্থের যাবতীয় হিসাব সংক্রান্ত কার্যক্রম;
- আর্থিক ব্যবস্থাপনা এবং হিসাব ও অডিট সংক্রান্ত স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের যাবতীয় কার্যক্রম;
- অডিট এবং অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত কার্যক্রম;
- পাবলিক একাউন্টস কমিটি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী।

৪. উন্নয়ন অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী

- ভৌত অবকাঠামো নির্মাণ/মেরামত সংক্রান্ত নীতিমালা প্রণয়ন/বাস্তবায়ন সমন্বয়;
- বিভিন্ন স্থাপনার নির্মাণ, মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কাজের প্রকল্প গ্রহণ/বরাদ্দ, বাছাই, অনুমোদন ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত কার্যক্রম সমন্বয়/তদারকি;
- স্থাপনার নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সংক্রান্ত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন, পরিবীক্ষণ ও সমন্বয়;
- স্থাপনাসমূহ নির্মাণ, মেরামত, সংস্কার, সংরক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রেরণ সংক্রান্ত কার্যক্রম সমন্বয়/তদারকি;
- নির্মাণ/মেরামত বাস্তবায়নকারী সংযুক্ত দপ্তরের প্রশাসনিক/আর্থিক বিষয়াবলি অনুমোদন প্রক্রিয়াকরণ, বর্ণিত কাজের জন্য গণপূর্ত ও ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/সমন্বয়;
- ভৌত অবকাঠামো নির্মাণ/মেরামতের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাথে সম্পাদিত চুক্তি বাস্তবায়ন;
- এ বিভাগের আওতায় যাবতীয় সংগ্রহ নীতিমালা প্রণয়ন ও সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন ও তদারকি;
- এ বিভাগের আওতাধীন (বিভিন্ন প্রতিষ্ঠান/ইনস্টিটিউট/দপ্তরসমূহ) যাবতীয় ক্রয়/সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন ও তদারকি;
- Procurment Management Co-Ordination (PMCC)-এর কার্য সম্পাদনে দেশি ও বিদেশি পরামর্শক নিয়োগ ও তাদের কার্যক্রম সমন্বয় সংক্রান্ত কার্যক্রম;
- স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতের সংশ্লিষ্ট প্রকল্পসমূহকে এডিপি বরাদ্দের আওতায় প্রস্তাবের প্রশাসনিক/আর্থিক মঞ্জুরি সংক্রান্ত কার্যক্রম;
- সরকারি ও উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের অর্থপুষ্ট জনসংখ্যা ও পরিবার কল্যাণ বিষয়ক প্রকল্পসমূহের কার্যক্রম;
- জন্মনিয়ন্ত্রণ সামগ্রী বিক্রয়লব্ধ টাকার আর্থিক /প্রশাসনিক মঞ্জুরী সংক্রান্ত কার্যক্রম;
- স্বাস্থ্য শিক্ষা, পরিবার কল্যাণ, নার্সিং ও মিডওয়াইফারি এবং জনসংখ্যা সেক্টর এবং এ বিভাগের আওতাধীন সকল উন্নয়ন প্রকল্প, কর্মসূচির পরিকল্পনা দলিল প্রণয়ন, প্রক্রিয়াকরণ এবং অনুমোদনের সামগ্রিক কার্যাবলীর তদারকি সংক্রান্ত কার্যক্রম;
- স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (২০১৭-২০২২) বাস্তবায়ন, মনিটরিং, পরিকল্পনা দলিল (PIP) সংশোধন ও অনুমোদন সংক্রান্ত কার্যক্রম;
- উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ এবং সমন্বয় সংক্রান্ত কার্যক্রম, দীর্ঘ মেয়াদী, স্বল্প মেয়াদী কর্মসূচি এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির সার্বিক কার্যক্রম;
- এসডিজি একশন প্ল্যান প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম এবং সমন্বয় সংক্রান্ত কার্যক্রম, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচিভুক্ত অপারেশনাল প্ল্যানসমূহ অনুমোদন সংক্রান্ত কার্যক্রম;
- Mid Term Budgetory Framework/Roadmap প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম;
- ভবিষ্যৎ প্রকল্প/কর্মসূচির জন্য বৈদেশিক সাহায্যের প্রয়োজনীয়তা নির্ধারণ এবং বৈদেশিক সাহায্য প্রাপ্তির ব্যাপারে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশনসহ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সাথে যোগাযোগ ও সমন্বয় সংক্রান্ত কার্যক্রম;
- কর্মসূচি/প্রকল্প দলিলাদি অনুমোদনের নিমিত্ত পরীক্ষা, পর্যালোচনা এবং অনুমোদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম;
- বিশ্বব্যাংকসহ অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থা/দেশ এর সাথে অর্থায়ন চুক্তি সম্পাদনের জন্য যাবতীয় কার্যক্রম প্রক্রিয়াকরণ সংক্রান্ত কার্যক্রম;
- উন্নয়ন সহযোগী সংস্থা/দেশ কর্তৃক পরিচালিত বিভিন্ন উন্নয়ন কর্মসূচি/প্রকল্পসমূহের পর্যালোচনা মিশনের সাথে মতবিনিময়, সমন্বয়, সমঝোতা, চুক্তি বিনিময় ও স্বাক্ষর সংক্রান্ত কার্যক্রম;
- মন্ত্রিপরিষদ বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থ মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী উন্নয়ন প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা, রোডম্যাপ ও অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি প্রদান ও সমন্বয় সাধন সংক্রান্ত কার্যক্রম;

- স্বাস্থ্য শিক্ষা, পরিবার কল্যাণ, নার্সিং ও মিডওয়াইফারি এবং জনসংখ্যা সংক্রান্ত উন্নয়ন প্রকল্প/কার্যক্রমের বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে সমন্বয় সাধন সংক্রান্ত কার্যক্রম;
- পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর-এর সকল উন্নয়ন কার্যাবলী পর্যালোচনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- প্রকল্পসমূহ/কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতির মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠানের ব্যবস্থাকরণ সংক্রান্ত কার্যক্রম;
- NEC এর ECNEC সভায় গৃহীত স্বাস্থ্য শিক্ষা, পরিবার কল্যাণ, নার্সিং ও মিডওয়াইফারি এবং জনসংখ্যা খাতের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সম্পর্কিত সমন্বয়মূলক কার্যক্রম;
- বাংলাদেশ সরকার ও স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টিসেক্টর কর্মসূচির উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যৌথভাবে Annual Program Review (APR), Mid-Term Review (MTR) সংক্রান্ত কার্যক্রম;
- World Bank সহ সকল উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে আর্থিক ও কারিগরি সহায়তা সম্পর্কিত কার্যক্রম সম্পাদন;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী।

৫. চিকিৎসা শিক্ষা অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী

- চিকিৎসা শিক্ষা কার্যক্রমের নীতিমালা প্রণয়ন ও কর্মপরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
- চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ এবং নীতিমালা বাস্তবায়ন ও অনুমোদন সংক্রান্ত কার্যক্রম;
- চিকিৎসা শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন কার্যক্রম;
- চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে সকল কোর্সে ভর্তি সংক্রান্ত নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম;
- চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক/স্নাতকোত্তর কোর্স খোলার নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন এবং আসন সংখ্যা নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম;
- চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নের জন্য নীতিমালা প্রণয়ন ও হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম;
- বিভিন্ন মেডিকেল ও ডেন্টাল কলেজে বিদেশি ছাত্র-ছাত্রী ভর্তি নীতিমালা প্রণয়ন, হালনাগাদকরণ ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম;
- চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিয়মিত পরিদর্শন সংক্রান্ত কার্যাবলী;
- নার্সিং শিক্ষা/কোর্সের নীতিমালা ও কারিকুলাম প্রণয়ন এবং হালনাগাদ সংক্রান্ত কার্যক্রম;
- সরকারি/বেসরকারি মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিট, মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস্), ইনস্টিটিউট অব মেডিকেল টেকনোলজি (আইএইচটি), ইউনানী, আয়ুর্বেদিক ও হোমিওপ্যাথিক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ও পরিচালনা সংক্রান্ত বিষয়াদি;
- নার্সিং শিক্ষার মান উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন, সূচক নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম;
- আন্তর্জাতিক সংস্থা স্বীকৃত তালিকায় বাংলাদেশ সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ও ডেন্টাল কলেজসহ এ বিভাগের আওতাভুক্ত অন্যান্য স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অন্তর্ভুক্তি সংক্রান্ত কার্যক্রম;
- নার্সিং কাউন্সিল, নার্সিং অধিদপ্তর, নার্সিং কলেজ ও ইনস্টিটিউটের কর্মকর্তাদের চাকরি ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম;
- চিকিৎসকগণকে বিদেশে উচ্চশিক্ষা/প্রশিক্ষণ/চাকরি গ্রহণের জন্য অনাপত্তি প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী।

৬. বাজেট অনুবিভাগের গুরুত্বপূর্ণ কার্যাবলী

- মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার বাজেট প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম;
- মধ্যমেয়াদি বাজেট কাঠামোর এমবিএফ বা বর্ণনামূলক অংশ প্রস্তুতকরণ সংক্রান্ত কার্যক্রম;
- অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত অর্থনৈতিক সমীক্ষার জন্য বিভাগের সংশ্লিষ্ট তথ্য উপাত্ত প্রস্তুতকরণ সংক্রান্ত কার্যক্রম;
- বাজেট বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতকরণ সংক্রান্ত কার্যক্রম;
- বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) ও বাজেট ওয়ার্কিংগ্রুপ (BWG) এর সভার আয়োজন সংক্রান্ত কার্যক্রম;
- আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার ১ম শ্রেণির কর্মকর্তাদের পেনশন নিষ্পত্তিকরণ সংক্রান্ত কার্যক্রম;
- আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অর্থবছরের গৃহ নির্মাণ ও মেরামত ঋণ, মোটরগাড়ি, মোটরসাইকেল, কম্পিউটার অগ্রিম-এর মঞ্জুরি আদেশ প্রদান সংক্রান্ত কার্যক্রম;
- এ বিভাগের বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বকেয়া পরিশোধ, নিজস্ব কোডে পুনঃউপযোজন সংক্রান্ত কার্যক্রম;
- সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক ও অর্থনৈতিক কোড সৃজন;
- স্বাস্থ্য সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানকে অনুদান প্রদান;
- মৃত কর্মকর্তা/ কর্মচারীদের বিভিন্ন প্রকার ঋণ মওকুফ সংক্রান্ত কার্যক্রম;
- এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ অগ্রিম ঋণ উত্তোলন সংক্রান্ত কার্যক্রম;
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য কার্যাবলী।

৭. অভ্যন্তরীণ কার্যাবলী

৭.১ উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন

স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা খাতে গুণগত চিকিৎসা শিক্ষার মান নিশ্চিত করে স্বাস্থ্য পেশাজীবীর সংখ্যা বৃদ্ধি। এজন্য চিকিৎসা শিক্ষায় উচ্চ বিনিয়োগ ও উচ্চতর প্রশিক্ষণের উপর গুরুত্বারোপ করা হয়েছে। সেক্টর কর্মসূচী এবং পাশাপাশি চিকিৎসা শিক্ষার চ্যালেঞ্জ মোকাবেলা করে অভীষ্ট লক্ষ্যে পৌঁছানোর জন্য বর্তমানে এ বিভাগের আওতায় সেক্টর কর্মসূচী এবং পাশাপশি বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কর্মসূচি:

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ১৯৯৮ সাল থেকেই স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। ইতোমধ্যে ০৪টি সেক্টর কর্মসূচি সফলভাবে বাস্তবায়িত হয়েছে। এর ফলে সহশ্রাব্ধ উন্নয়ন লক্ষ্যমাত্রা-৪, ৫ অর্জিত হয়েছে। এ কর্মসূচির মূল উদ্দেশ্য ছিল টেকসই উন্নয়ন অভিষ্ট-৩ অর্জন করা। তন্মধ্যে মাতৃ-মৃত্যু ও শিশু মৃত্যু হার, সর্বজনিন স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ, টিএফআর হার হ্রাস, সিপিআর বৃদ্ধি, অপূর্ণ চাহিদা হার হ্রাস অন্যতম। বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সেক্টর কর্মসূচিতে কৈশোর স্বাস্থ্য সেবাকে যথাযথ গুরুত্ব প্রদান করা হয়। পরিবার পরিকল্পনা পদ্ধতির কার্যকর ব্যবহার, কৌশলগত স্বাস্থ্য সেবা, যৌন ও প্রজনন স্বাস্থ্যের গুনগত সেবা নিশ্চিতকরণ, অপ্রত্যাশিত গর্ভধারণ হ্রাসের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য এ বিভাগের আওতায় ৪র্থ সেক্টর কর্মসূচিতে ১০টি অপারেশনাল প্ল্যান বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ০৭টি, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক ০১টি, নার্সিং অধিদপ্তর কর্তৃক ০১টি এবং নিপোর্ট কর্তৃক ০১টি অপারেশন প্ল্যান বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে পরিকল্পনা কমিশনে ৫ম স্বাস্থ্য পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচি (জুলাই ২০২৪-জুন ২০২৯) অনুমোদন প্রক্রিয়াধীন আছে।

৭.২ <u>৪র্থ সেক্টর কর্মসূচিভুক্ত বাস্তবায়িত অপারেশনাল প্ল্যানসমূহঃ</u>

ম্যাটারনাল চাইল্ড, রিপ্রোডাক্টিভ এন্ড এডোলেসসেন্ট হেলথ:

ওপির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ১২৬৩.৯৫ কোটি টাকা। ওপি বাস্তবায়নের ফলে মা-শিশু স্বাস্থ্যসেবা এবং কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর সার্বিক স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন সাধিত হচ্ছে। এসডিজি-৩ অর্জনের নিমিত্ত প্রাথমিক স্বাস্থ্য সেবা জোরদার করার লক্ষ্যে ৫০০টি এফডব্লিউসি-কে ২৪/৭ সেবা প্রদানের লক্ষ্যে মডেল এফডব্লিউসি ঘোষণা করা হয়েছে। আরও ১০০০টি এফডব্লিউসিকে মডেল এফডব্লিউসি ঘোষণা করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পর্যায়ক্রমে সকল এফডব্লিউসি থেকে ২৪/৭ সেবা প্রদানের লক্ষ্যে এফডব্লিউসিগুলোকে উপযোগী করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মডেল এফডব্লিউসিগুলোকে অটোমেশন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারি প্রোগ্রাম:

মোট প্রাক্কলিত ব্যয় ছিল ১৪১৯.৯৩ কোটি টাকা। বর্ণিত ওপির মূল উদ্দেশ্য ছিল ২০৩০ সালের মধ্যে মোট প্রজনন হার ২ অর্জন এবং Contraceptive Prevalence Rate (CPR) ৬২.৪% থেকে ৭৫% এ উন্নীতকরণের লক্ষ্যে Long Acting Permanent Methodসহ অন্যান্য পরিবার পরিকল্পনা সেবা শক্তিশালীকরণ। বাংলাদেশের মাতৃ-মৃত্যুর অন্যতম প্রধান কারণ অপ্রত্যাশিত গর্ভধারণ। মাতৃমৃত্যুর হার ২০৩০ সালে প্রতি লাখে ৭০ জন নিয়ে আসার নিমিত্ত বর্ণিত ওপির আওতায় সকল জেলায় পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদার করার পাশাপাশি দূর্গম এলাকায় এ কার্যক্রম এগিয়ে নেয়ার জন্য ভলেন্টিয়ার নিয়োগ করা হয়।

ফ্যামিলি প্ল্যানিং ফিল্ড সার্ভিসেস ডেলিভারি প্রোগ্রাম:

বর্ণিত ওপির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ২০৯২.৯৩ কোটি টাকা। ২০৩০ সালের মধ্যে মোট প্রজনন হার ২.০ অর্জনের লক্ষ্যে এই ওপির মাধ্যমে মানসম্মত অস্থায়ী পদ্ধতির পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়ে থাকে। বর্ণিত ওপি-র আওতায় জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ও এমএসআর ক্রয়, স্যাটেলাইট ক্লিনিক সংঘটন, সিটি কর্পোরেশন এলাকায় পরিবার পরিকল্পনা সেবা প্রদান (সিলেট সিটি কর্পোরেশন), এফডব্লিউসি'র পরিচালনা, ওয়ার্কশপ, কনফারেন্স, প্রশিক্ষণ, স্বেচ্ছাসেবী নিয়োগের মাধ্যমে পরিবার পরিকল্পনা কার্যক্রম সম্পন্ন করা হয়।

প্ল্যানিং, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন:

ওপির মোট ব্যয় ছিল ২০.৮৯ কোটি টাকা। এই ওপির উদ্দেশ্য ছিল পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন অপারেশনাল প্ল্যান প্রস্তুতকরণ ও বাস্তবায়নসহ সার্বিক বিষয়ে কার্যকরী সমন্বয়সাধন এবং মাঠ পর্যায়ে performance পরিবীক্ষণ।

ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম:

ওপির মোট ব্যয় ছিল ১৮১.৮৪ কোটি টাকা। এই ওপির প্রধান কাজ ছিল আধুনিক প্রযুক্তির মাধ্যমে অধিকতর নির্ভরযোগ্য তথ্য ব্যবস্থাপনা সিস্টেমের উন্নয়ন ও শক্তিশালীকরণ। এ ওপির আওতায় Publication of Monthly Report (LMIS), ওয়ার্কশপ, সেমিনার, প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত ওপি'র আওতায় ১৪টি জেলাকে পেপারলেস ঘোষণা করা হয়েছে। অন্যান্য জেলাসমুহকে পেপারলেস ঘোষণা করার নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে।

ইনফরমেশন, এডুকেশন এন্ড কমিউনিকেশন:

ওপির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ২৯০.০০ কোটি টাকা। বর্ণিত ওপির প্রধান কাজ ছিল উদ্দিষ্ট জনগোষ্ঠির মাঝে পরিবার পরিকল্পনা, মা-শিশু স্বাস্থ্য বিষয়ক তথ্য ও সেবার চাহিদা সৃষ্টি এবং বাল্যবিয়ের কুপ্রভাব, কৈশোরকালীন গর্ভধারণ সমস্যা, দেরিতে বিয়ে ও দেরিতে প্রথম সন্তান জন্মদানের সুবিধা, প্রসবকালীন ও প্রসবোত্তরসেবা, প্রসব পরিকল্পনা, দু'সন্তানের মাঝে বিরতি, ছোট পরিবারের সুবিধা ইত্যাদি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করা।

প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাইস ম্যানেজমেন্ট-এফপি:

ওপির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ২০৪.০০ কোটি টাকা। ওপির মাধ্যমে গুদামজাত, বিতরণ ও সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট-এর মাধ্যমে পরিবার পরিকল্পনা পণ্যাদি, আসবাবপত্র, যন্ত্রপাতি সরবরাহ নিশ্চিতকরণ করা হয়ে থাকে।

ট্রেনিং, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট:

ওপির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ২৬৯.৮৬ কোটি টাকা। প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন ব্যবস্থাপনা শক্তিশালীকরণ করা ছিল এই ওপির মূল উদ্দেশ্য। বর্ণিত ওপির আওতায় প্রশিক্ষণ, রিসার্স স্ট্যাডি, ন্যাশনাল সার্ভে, বাংলাদেশ ডেমোগ্রাফিক হেলথ সার্ভে, ইউটিলাইজেশন অব এ্যাসেনসিয়াল সার্ভিস ডেলিভারি ও হেলথ ফ্যাসিলিটি সার্ভে ইত্যাদি কার্যক্রম সম্পন্ন হয়েছে। জাতীয় পর্যায়ে এসব সার্ভে ডাটা, নীতি/কৌশল পত্র প্রণয়ন এবং অর্থ বরাদ্দের ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। এর মাধ্যমে বিভিন্ন পর্যায়ের স্বাস্থ্য কর্মীদের সঠিক বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

মেডিকেল এডুকেশন এন্ড হেলথ ম্যানপাওয়ার ডেভেলপমেন্ট:

ওপির মোট প্রাক্কলিত ব্যয় ছিল ১৮৬৪.৫৭ কোটি টাকা। বাংলাদেশের চিকিৎসা ক্ষেত্রে সার্বজনীন স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার নিমিত্ত এই ওপির মাধ্যমে দক্ষ চিকিৎসক ও স্বাস্থ্যকর্মী তৈরি এবং প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। বর্ণিত ওপির আওতায় প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার অনুষ্ঠানের পাশাপাশি মেডিকেল কলেজের জন্য কম্পিউটার যন্ত্রাংশ ও আসবাবপত্র ক্রয়, সমাজভিত্তিক চিকিৎসা শিক্ষা, IHT & MATS-এ শিক্ষা সহায়তা প্রদান করা হয়।

নার্সিং এন্ড মিডওয়াইফারি এডুকেশন সার্ভিসেস:

ওপির মোট ব্যয় ছিল ৩৫৪.১৪ কোটি টাকা। ওপির মূল উদ্দেশ্য ছিল নার্সিং এবং মিডওয়াইফারি শিক্ষা ও সেবার গুণগতমান নিশ্চিতকরণ। বর্ণিত ওপির আওতায় প্রশিক্ষণ, গবেষণা, সেমিনার, কনফারেন্স, কনসালটেন্সিসহ নার্সিং কলেজ ও ইনিস্টিটিউটের জন্য বইপত্র ও সাময়িকী সংগ্রহ, কম্পিউটার, প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র ক্রয় ইত্যাদি কার্য সম্পন্ন করা হয়েছে।

সেক্টর কর্মসূচীর পাশাপাশি বড় বড় স্থাপনা (যেমন-মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ) নির্মাণের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

চলমান প্রকল্প সমূহ:

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)	মেয়াদকাল
০১.	ইলেকট্রনিক ডাটা ট্র্যাকিংসহ জনসংখ্যা ভিত্তিক জরায়ু-মুখ ও স্তন ক্যান্সার স্ক্রীনিং কর্মসূচি (২য় সংশোধিত)	১৮৬.৪৫	জুলাই ২০১৮ হতে জুন ২০২৪
০২.	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে পূর্ণাঙ্গ শিশু কার্ডিওলজি ও শিশু কার্ডিয়াক সার্জারী ইউনিট স্থাপন	৭২.০৯	জুলাই ২০২১ হতে জুন ২০২৪
০৩.	শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন, গাজীপুর	৮৩৯.২৮	ফেব্রুয়ারি ২০১৮ হতে জুন ২০২৪
০৪.	বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস এর আধুনিকায়ন এবং সম্প্রসারণ	৩০৩.৬৫	জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৬
০৫.	বঙ্গমাতা ন্যাশনাল সেলুলার এন্ড মলিকুলার রিসার্চ সেন্টার স্থাপন	১৫১২.৫৭	নভেম্বর ২০১৮ হতে জুন ২০২৬
০৬.	রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন (আরএমইউ) স্থাপন	১৮৬৭.০৮	জুলাই ২০২২ হতে জুন ২০২৬
০৭.	ঢাকার আজিমপুরস্থ মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কর্মরত ডাক্তার, কর্মকর্তা, সিনিয়র স্টাফ নার্স ও প্রশিক্ষনার্থীদের হোস্টেল/ডরমেটরী নির্মাণ	৬৪.৩৩	জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২৪
০৮.	সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় (এসএমইউ) স্থাপন	২০৩৬.৪১	জুলাই ২০২৩ হতে জুন ২০২৭
০৯.	চাঁদপুর মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজ স্থাপন	১৩৭০.৭৩	জুলাই ২০২৩ হতে জুন ২০২৬
১০.	১০টি মেডিকেল কলেজে শিক্ষার্থীদের জন্য আধুনিক; সুযোগ সুবিধা সম্বলিত ১৯টি হোস্টেল নির্মাণ	১৪২৮.৭৫	জুলাই ২০২৩ হতে জুন ২০২৭
১১.	চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন	১৮৫৮.৭৯	জুলাই ২০২৩ হতে জুন ২০২৭
১২.	মুগদা মেডিকেল কলেজের প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং আনুষঙ্গিক সুবিধাদি সম্প্রসারণ	৫৮০.৭৫	জুলাই ২০২৩ হতে জুন ২০২৬
১৩.	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে সুপার স্পেশালাইজড হাসপাতাল স্থাপন (২য় সংশোধিত)	১৬৮৬.৪৯	(জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০২৪)
১৪.	শেখ হাসিনা জাতীয় স্বাস্থ্য শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা	১.৮৪	(জানুয়ারি ২০২৪-ডিসেম্বর ২০২৪)
১৫.	ISO Component 3: “Inclusive Services and Opportunities for Host Communities and FDMN”	৬১৭.৬২	(জুলাই ২০২৪ হতে জুন ২০২৮)
	মোট	১৬১৩৯.৪১	

পরিকল্পনা কমিশনে অপেক্ষমান প্রকল্পসমূহ:

ক্রমিক নং	প্রকল্পের নাম	প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)	মেয়াদকাল
১.	মাগুরা মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজ স্থাপন	১৪৭০.৮৩০৮	জুলাই ২০২৩ হতে জুন ২০২৬
২.	শেখ হাসিনা মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজ, হবিগঞ্জ স্থাপন	১৬০০.৭৬৫৫	জুলাই ২০২৩ হতে জুন ২০২৬
৩.	শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন, খুলনা	১৯৪৩.৩৬৬৩	জুলাই ২০২৩ হতে জুন ২০২৬
৪.	নওগাঁ মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং কলেজ স্থাপন	১৪০৮.৪৩	জুলাই ২০২৩ হতে জুন ২০২৭
৫.	জেলা শহরে বিদ্যমান মা ও শিশু কল্যাণ কেন্দ্রকে ৩০ শয্যাবিশিষ্ট (৫০ শয্যায় উন্নতীকরণযোগ্য) মা ও শিশু হাসপাতালে রুপান্তর এর সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা	২৭৭৮.৪৮	জুলাই ২০২৩ হতে জুন ২০২৭

উন্নয়ন পরিকল্পনায় গৃহীত নতুন উদ্যোগ:

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতে সরকারের গৃহীত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করেছে। ২২টি মেডিকেল কলেজ হাসপাতালে নেফ্রোলজি ইউনিট ও ডায়ালাইসিস সেন্টার এর জন্য পূর্ণাঙ্গ পদ সৃজন, প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে সারাদেশে মোট ১৩০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ১৬৫ টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে ১৬ টি ইন্সটিটিউট অব হেলথ টেকনলজি এবং ১৭ টি নার্সিং কলেজ নির্মাণ করা হবে। দেশের জনসংখ্যাকে নিয়ন্ত্রণে রাখার জন্য 'বাংলাদেশ জনসংখ্যা নীতি ২০১২' বাস্তবায়নে ২০২৫ সালের মধ্যে পরিবার পরিকল্পনা খাতে মনিটরিং ও প্রচার কর্মসূচীর আওতায় সুনির্দিষ্ট 'অপারেশনাল প্ল্যান' বাস্তবায়ন করা হবে, সকল স্তরের হাসপাতালসমূহে ২০২৫ সালের মধ্যে 'বায়োমেট্রিক পদ্ধতি' চালু করা হবে। এছাড়াও সকল প্রকার ক্রয়কার্যে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ২০২৬ সালের মধ্যে পর্যায়ক্রমে ইলেকট্রনিক পদ্ধতিতে সকল ক্রয় কার্য সম্পন্ন করা হবে।

৭.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় প্রধান অর্জনসমূহ নিম্নরূপ:

জনগণের স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবার মানোন্নয়নে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতে বিগত ৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে।

২০২২-২৩ অর্থবছরে ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজন করা হয়েছে।

২০২৩-২৪ অর্থবছরে ‘বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২৩’ গেজেট আকারে প্রকাশ হয়েছে।

২০২৩-২৪ অর্থবছরে ৫টি নতুন ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ করা হয়েছে।

মাতৃ-মৃত্যু হার হ্রাস পেয়ে বর্তমানে (SVRS ২০২৩ অনুযায়ী প্রতি লক্ষ জীবিত জন্ম শিশুর বিপরীতে) ১৩৬, ২০২২ সালে যা ছিল ১৫৩।

৭.৪ শুদ্ধাচার কার্যক্রম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সরকারকে অব্যাহতভাবে এ লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে শুদ্ধাচার কৌশলে উল্লেখ রয়েছে। তারই আলোকে গত ২০২৩-২৪ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন ছাড়াও শুদ্ধাচার সংশ্লিষ্ট দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমের আওতায় নিম্নোক্ত চারটি কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়:

- সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিটের ক্রয় ও সরবরাহ কার্যক্রম পরিবীক্ষণ ও মানোন্নয়ন কার্যক্রম;
- সমাজে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত নাগরিক সেবা গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান, সুশীল সমাজের প্রতিনিধি এবং বিভিন্ন শ্রেণী-পেশার সেবা প্রত্যাশী, জনপ্রতিনিধি, সাংবাদিক, ডাক্তার এবং প্রশাসনের বিভিন্ন সদস্যদের নিয়ে ০২টি মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। সভায় পারস্পরিক মতবিনিয়ময়ের মাধ্যমে সেবা গ্রহীতাদের বিভিন্ন সেবা প্রাপ্তিতে প্রতিবন্ধকতাসমূহ দূর করার প্রয়োজনীয় কার্যক্রম;
- এ বিভাগ এবং আওতাধীন প্রতিষ্ঠান সমূহের ৩০০ জন কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান;
- শুদ্ধাচারের আওতায় কমিটি গঠন করে এ বিভাগ ও এর অধীন সকল দপ্তর/অধিদপ্তরের কর্মপরিবেশ উন্নয়নের কার্যক্রম অব্যাহত রাখা;
- নির্ধারিত সময়ে ২০২৩-২০২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা।
- সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।
- ৫০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার/মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সেবার মানোন্নয়নের লক্ষ্যে প্রতিটি ০২ বার করে পরিদর্শন।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতালের সেবার মানোন্নয়নের লক্ষ্যে প্রতিটি ০৪ বার করে পরিদর্শন।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল ইউনিটের ক্রয় ও সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণ ও অপচয় রোধকরণ।

০৮. অধিদপ্তর/প্রতিষ্ঠানভিত্তিক কার্যক্রম

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীনে চিকিৎসা শিক্ষা সম্পর্কিত কার্যক্রমের সাথে এ বিভাগের ‘চিকিৎসা শিক্ষা অনুবিভাগ’ এবং ‘স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর’ সম্পৃক্ত। চিকিৎসা শিক্ষার গুণগত মান উন্নয়ন সরকারের টেকসই উন্নয়ন কর্মপরিকল্পনার অংশ। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন এবং জনস্বাস্থ্য নিশ্চিতে সরকার চিকিৎসা শিক্ষার সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ করেছে। চিকিৎসা শিক্ষার মান সমুন্নত রাখা এবং এর আধুনিকায়ন ও যুগোপযোগী করার লক্ষ্যে মেধাবী ছাত্র-ছাত্রীদের চিকিৎসা বিজ্ঞানে উন্নত শিক্ষা লাভের সুযোগ সম্প্রসারণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। চিকিৎসা শিক্ষায় উচ্চতর ডিগ্রি প্রদানের জন্য মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, বিশেষায়িত চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান ও মেডিকেল কলেজগুলোতে স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালু করে পাঠ্যক্রম অব্যাহত রেখেছে। ইতোমধ্যে চিকিৎসা শিক্ষার কারিকুলাম হালনাগাদ, আধুনিকায়ন ও যুগোপযোগী করা হয়েছে। সরকারি/বেসরকারি খাতের অংশীদারিত্বের মাধ্যমে এ শিক্ষা ব্যবস্থার উৎকর্ষ সাধনে ও বিশ্ব ব্যবস্থার সাথে তাল মিলিয়ে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণে সরকার বদ্ধপরিকর।

৮.১ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

দেশের সাধারণ জনগণকে সাশ্রয়ী ও উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের পরিকল্পনার বিষয়টি অধিক গুরুত্বের সাথে বিধৃত হয়েছে। সে লক্ষ্যে চিকিৎসা শিক্ষা ও গবেষণার মান উন্নয়নের জন্য ০৮টি বিভাগে ০৮টি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে দেশে নিম্নোক্ত ০৫টি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে এবং অন্যান্য বিভাগে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৮.১.১ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা

দেশের প্রথম মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হিসেবে ১৯৯৮ সালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। প্রতিষ্ঠার পর থেকেই বিশ্ববিদ্যালয়টি চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য সেবার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে, যা এখন বাংলাদেশের মানুষের চিকিৎসা সেবার আশা-ভরসা ও আস্থার কেন্দ্রস্থলে পরিণত হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আজ শুধু বাংলাদেশেই নয়, উপ-মহাদেশের সবচাইতে বড় হাসপাতাল ও চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান। বিশ্ববিদ্যালয় আজ এদেশের চিকিৎসা শিক্ষা, সেবা ও গবেষণায় সাফল্যের ক্ষেত্রে এক অনন্য নাম।

বিশ্ববিদ্যালয়টিতে বর্তমানে ৫৭টি বিভাগ রয়েছে। এছাড়া ৩/৪টি বিভাগ প্রতিষ্ঠার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। বিশ্ববিদ্যালয়ের হাসপাতালের শয্যা সংখ্যা ২০০০টি, এর মধ্যে অর্ধেকই দরিদ্র রোগীদের জন্য বিনা ভাড়ার শয্যা। প্রতিদিন এ হাসপাতালে বহির্বিভাগে নতুন পুরাতন মিলিয়ে প্রায় ১০০০০ জন রোগী চিকিৎসা সেবা নেয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর ২০২৩-২০২৪ অর্থবছরের সেবাসমূহ:

ক্রম	দপ্তর/বিভাগের নাম	রোগীর সংখ্যা
০১	আউটডোর নতুন রোগী চিকিৎসা নিয়েছে	১৪২৩৬৮২
০২	আউটডোর পুরাতন রোগী চিকিৎসা নিয়েছে	৫৬৯৪৭২
০৩	সাধারণ জরুরী বিভাগে রোগীর সেবা নিয়েছে	১৪৬৬৬
০৪	বৈকালিক স্পেশালাইজড কনসালটেশন সার্ভিসে নতুন রোগী	১৫৪৯৯৪
০৫	বৈকালিক স্পেশালাইজড কনসালটেশন সার্ভিসে পুরাতন রোগী	৬১৯৯৭
০৬	বীর মুক্তিযোদ্ধা চিকিৎসা সেবা	৬১৯৯৭
০৭	অপারেশন	১৯২৪
০৮	গাইনী ইনফার্টিলিটি অপারেশন	৫০৬৭৪
০৯	রোগী ভর্তি সংখ্যা	৩৬৬
১০	সাধারণ জরুরী বিভাগে রোগী ভর্তি	৩৭২৮২
১১	পিএমটিসি	৩৫০৫
১২	এ আর টি সেন্টার	৩২৩৩
১৩	পরিবার পরিকল্পনা সেবা	২৬০
১৪	টিকাদান (ইপিআই)	৪২০৬
১৫	ডেঙ্গু রোগী	২৬৪৫
১৬	ভ্যাকসিন (মোট টিকাদান)	১৪৫
১৭	করোনা রোগী ভর্তি হয়েছে (কেবিন ব্লক)	৫৫৩৬০
১৮	কোভিড ফিল্ড হাসপাতাল	৭০২২
১৯	অতি-দরিদ্র রোগীর আর্থিক সহায়তা তহবিল	৮২১

সুপার স্পেশালাইজড হাসপাতাল:

- বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ৭৫০ শয্যাবিশিষ্ট এ হাসপাতালটি দেশের প্রথম সুপার স্পেশালাইজড হাসপাতাল। দেশের জনগণকে উন্নত চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে ১৫৬১ কোটি টাকা ব্যয়ে ১০০টি ICU বেড, ১০০টি ইমার্জেন্সি বেডসহ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সুপার স্পেশালাইজড হাসপাতাল স্থাপিত হয়েছে। সুপার স্পেশালাইজড হাসপাতালে ইমার্জেন্সি এন্ড ট্রমা, হৃদরোগ, কিডনি রোগ, লিভার, গল ব্লাডার ও প্যানক্রিয়েটিক সার্জারী, অরগান ট্রান্সপ্লান্ট, ক্যান্সার, ইনফার্টিলিটি, শিশুরোগ, কার্ডিয়ো-থোরাসিক সার্জারি, ভাস্কুলার সার্জারি, নিউরোসার্জারিসহ বিভিন্ন জটিল রোগের বিশেষায়িত চিকিৎসার ব্যবস্থা আছে।
- **সুপার স্পেশালাইজড হাসপাতালে নিম্নলিখিত ৫টি সেন্টারভিত্তিক চিকিৎসা সেবা প্রদান করা হয়:**

Sl no.	Name of the Center
1.	Cardio & Cerbro-vascular Center
2.	Emergency Medical Center
3.	Hepatobiliary & Liver Transplant Certer
4.	Kidney Diseases Center
5.	Maternal & Child Healthcare Center

৮.১.২ চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় এর কার্যক্রম বর্তমানে বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিসেস (বিআইটিআইডি) ভবনে পরিচালিত হচ্ছে। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে চট্টগ্রাম বিভাগের সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ/নার্সিং কলেজ ও ইনস্টিটিউটসহ সকল চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত হয়।

চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রকল্প বাস্তবায়ন:

চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার ফৌজদারহাটে বক্ষব্যাধি হাসপাতাল ক্যাম্পাসের ২৩.৯২ একর ভূমিতে চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গত ০৫.০৯.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত একনেক সভায় চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (সিএমআই) স্থাপন শীর্ষক ডিপিপি অনুমোদন হয়। প্রকল্পের মেয়াদ ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৭। বর্তমানে প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম চলমান আছে।

চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউট:

ক্রম	অধিভুক্ত চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান	সংখ্যা
০১।	সরকারি মেডিকেল কলেজ	০৬
০২।	বেসরকারি মেডিকেল কলেজ	১০
০৩।	সরকারী ইনস্টিটিউট (এমডি কোর্স)	০১
০৪।	সরকারি ডেন্টাল কলেজ	০১
০৫।	বেসরকারি ডেন্টাল কলেজ	০১
০৬।	সরকারি নার্সিং কলেজ	০৭
০৭।	বেসরকারি নার্সিং কলেজ	১৮
০৮।	বেসরকারি ইউনানি মেডিকেল কলেজ	০১
০৯।	বেসরকারি মেডিকেল টেকনোলজি	০৫
১০।	ইনস্টিটিউট অব কমিউনিটি অফথালমোলজি	০১

এ বিশ্ববিদ্যালয়ের অধীনে সর্বমোট ৫৩টি প্রতিষ্ঠান রয়েছে যাতে প্রতি শিক্ষাবর্ষে মোট ৩৬৩৬ জন শিক্ষার্থী ভর্তি হয়। প্রতি সেশনে এমবিবিএস কোর্সে ১৪৮১, বিডিএস কোর্সে ১৩০, এমডি কোর্সে ০৫, বিএসসি ইন নার্সিং ও পোস্ট বেসিক নার্সিং কোর্সে ১৬০০ এবং অন্যান্য কোর্সে ৪২০ জন শিক্ষার্থী ভর্তি হয়।

বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কার্যক্রম:

- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রদান;
- বিভিন্ন পেশাগত পরীক্ষা গ্রহণ;
- বিভিন্ন পেশাগত পরীক্ষার ফলাফল প্রকাশ;
- কলেজের সকল শিক্ষা কার্যক্রম মনিটরিং করা;
- অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষকদের গবেষণা কাজে উৎসাহ প্রদান করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় হতে গবেষণার জন্য প্রয়োজনীয় গ্রান্ট প্রদান;
- বিভিন্ন সেমিনার ও প্রশিক্ষণের আয়োজন করা।

একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম:

- ২০২২-২০২৩ অর্থবছরে ৪৪ জন গবেষককে (অধিভুক্ত কলেজের শিক্ষকদের) বিভিন্ন বিষয়ে গবেষণার জন্য গ্রান্ট প্রদান করা হয়। বর্তমানে ২০২৩-২০২৪ অর্থ বছরের গ্রান্ট প্রদানের কার্যক্রম চলমান আছে;
- চিকিৎসা শিক্ষা ও সেবা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে ১৪ টি সায়েন্টিফিক সেমিনার এর আয়োজন করা হয়;

- সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি মেনে ১ম, ২য়, ৩য় ও ফাইনাল পেশাগত এমবিবিএস ও বিডিএস, ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষ বিএসসি ইন নার্সিং, বিএসসি ইন মেডিকেল টেকনোলজি (ল্যাব ও ডেন্টাল), বিএসসি ইন অপ্টোমেট্রিসহ বিভিন্ন কোর্সে মোট ৩০টি পরীক্ষা নেওয়া হয় এবং যথাসময়ে ফলাফল প্রকাশ করা হয়;
- শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সাথে ০৮ টি মতবিনিময় সভার আয়োজন করা হয়;
- অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সাথে ০৬ টি মতবিনিময় সভার আয়োজন করা হয়;
- প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে অফিস ব্যবস্থাপনা, কর্মক্ষেত্রে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ক এবং এপিএ বিষয়ক ৬০ ঘণ্টার প্রশিক্ষণ দেওয়া হয়;

৮.১.৩ রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, রাজশাহী

'রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬' অনুযায়ী দেশের তৃতীয় মেডিক্যাল বিশ্ববিদ্যালয় হিসেবে রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়।

প্রাথমিক ভৌত (অস্থায়ী) ও তথ্য প্রযুক্তিগত অবকাঠামো সৃষ্টি:

- রাজশাহীতে বিভাগীয় কন্টিনিউইং এডুকেশন সেন্টার (ডিসিইসি ভবন), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাসে রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয়ে প্রশাসনিক কার্যক্রম এবং রাজশাহী মেডিকেল কলেজ এর ২ নম্বর ভবনে পরীক্ষা নিয়ন্ত্রণ এবং কলেজ পরিদর্শন দপ্তরের কাজকর্ম পরিচালিত হচ্ছে;
- রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (অনলাইন রেজিস্ট্রেশনের সুবিধাসহ) চালু হয়েছে;
- রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের জন্য রাজশাহীর বড়বনগ্রাম, বাজেসিলিন্দা এবং বারইপাড়া মৌজায় মোট ৬৭.৭৮ একর জমি অধিগ্রহণের জন্য নীতিগত সম্মতিসহ প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

পরিচালনা সংক্রান্ত কমিটি গঠন ও সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন:

- মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট গঠিত হয়েছে ও ইতিমধ্যে সিন্ডিকেটের ১৪টি সভা অনুষ্ঠিত হয়েছে;
- মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি গঠিত হয়েছে এবং ইতিমধ্যে কমিটির ৯টি সভা অনুষ্ঠিত হয়েছে;
- অধিভুক্ত বেসরকারি মেডিকেল কলেজসমূহের গভর্নিং বডি গঠন করা হয়েছে এবং নিয়মিত সভা অনুষ্ঠিত করে বিশ্ববিদ্যালয় বরাবর রিপোর্ট প্রদান করা হয়;
- বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে Non Binding MoU স্বাক্ষরের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে অনুমোদন নেয়া হয়েছে এবং এ বিষয়ে ইতোমধ্যে বিদেশি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা হচ্ছে।

রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় প্রকল্প বাস্তবায়ন:

- ২২ ফেব্রুয়ারী ২০১৮ তারিখে রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন;
- ০৫ জানুয়ারি ২০২১ তারিখে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উদ্যোগে প্রকল্পের Feasibility Study সম্পন্ন হয়ে একটি মাস্টার প্ল্যানের ভিত্তিতে ডিপিপি প্রণয়ন করা হয় যা সম্প্রতি একনেক কর্তৃক অনুমোদিত হয়েছে|

শিক্ষা কার্যক্রম পরিচালনা:

- রাজশাহী এবং রংপুর বিভাগের সকল সরকারি এবং বেসরকারি মেডিকেল কলেজ, নার্সিং কলেজ এবং অন্যান্য মেডিকেল ইন্সটিটিউটসমূহকে রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তি প্রদান করা হয়েছে;
- রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মেডিকেল কলেজ, ডেন্টাল কলেজ ও ইউনানী মেডিকেল কলেজসমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ থেকে এমবিবিএস, বিডিএস ও ইউনানী কোর্সে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলছে;
- ইরাসমাস ইউনিভার্সিটি, নেদারল্যান্ডস-এর সাথে শিক্ষা কার্যক্রমে স্কলারশীপ প্রদান সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে;
- ইউনিভার্সিটি অব এডিনবার্গ, ইংল্যান্ডের সাথে প্রাইমারি হেলথ্ কেয়ার এর উপর গবেষণা চুক্তি স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে যাতে গবেষণা, প্রশিক্ষণ, মাস্টার্স এবং পিএইচডি প্রোগ্রাম অন্তর্ভুক্ত থাকবে।

৮.১. ৪ সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, সিলেট

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহান জাতীয় সংসদে ১ অক্টোবর ২০১৮ তারিখে 'সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয় আইন-২০১৮' পাস হয়। স্বাস্থ্যখাতে আধুনিক সুযোগ-সুবিধা ও সেবার মান উন্নয়নের নিমিত্তে ১২০০ (এক হাজার দুই শত) শয্যা বিশিষ্ট হাসপাতালসহ চিকিৎসা খাতে উচ্চশিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বিশ্বমানের স্বাস্থ্যশিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পাদনের জন্য সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয় কাজ করে যাচ্ছে;
- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে 'সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্প (DPP)' বিগত ১৮ জুলাই ২০২৩ তারিখে একনেক সভায় অনুমোদিত হয় । প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২০৩৬.৪২ কোটি (দুই হাজার ছত্রিশ কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকা। উক্ত প্রকল্পের মেয়াদ ০১ জুলাই ২০২৩ থেকে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত নির্ধারিত হয়েছে;
- চিকিৎসা শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ এর শিক্ষকদের নিয়ে Teaching Methodology & Examination Evaluation শীর্ষক ট্রেনিং কার্যক্রম চলমান রয়েছে।

৮.১.৫ শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা

- দেশের চিকিৎসা ক্ষেত্রে উচ্চশিক্ষা, গবেষণা ও সেবার মান এবং সুযোগ সুবিধা সম্প্রসারণ ও উন্নয়নের নিমিত্ত "শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা আইন-২০২১" অনুযায়ী শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা প্রতিষ্ঠিত হয়;
- ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ে ৬ টি সিন্ডিকেট সভা এবং ২ টি একাডেমিক কাউন্সিলের সভা অনুষ্ঠিত হয়েছে;
- বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট কর্তৃক প্রথম সংবিধি, কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগের লক্ষ্যে ন্যূনতম নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতা (এমপিকিউ), অধিভুক্তকরণ নীতিমালা (মেডিকেল/ডেন্টাল/নার্সিং কলেজ), পরীক্ষা পরিচালনা নীতিমালা অনুমোদিত হয়েছে;
- শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে খুলনা মেডিকেল কলেজের ৩ (তিন) জন অধ্যাপককে অবৈতনিক ডিন হিসেবে নিয়োগ করা হয়েছে;
- খুলনা বিভাগের অধীনে ৯ টি মেডিকেল কলেজ এবং ৫ টি নার্সিং কলেজসহ মোট ১৪ টি সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ ও নার্সিং কলেজ অধিভুক্ত করা হয়েছে। বর্তমানে আরো ৩(তিন) টি সরকারি নার্সিং কলেজ অধিভুক্ত হওয়ার প্রক্রিয়াধীন আছে;
- ২০২১-২০২২ শিক্ষাবর্ষ হতে এ বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত সকল সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ এবং নার্সিং কলেজসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। ইতোমধ্যে নার্সিং কলেজসমূহে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিএসসি-ইন-নার্সিং (বেসিক ও পোষ্ট বেসিক) কোর্সের ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষা (তত্ত্বীয় ও ব্যবহারিকসহ) গত ০১ জুন ২০২৩ তারিখে শুরু হয়ে ২৪ জুলাই ২০২৩ তারিখে শেষ হয়েছে। চূড়ান্ত পরীক্ষার (তত্ত্বীয় ও ব্যবহারিকসহ) ফলাফল একাডেমিক কাউন্সিল এবং সিন্ডিকেটের অনুমোদনক্রমে প্রকাশ করা হয়েছে;
- শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা স্থাপন এর সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা সম্পন্ন করে ডিপিপি প্রস্তুতপূর্বক অনুমোদন প্রদান করা হয়েছে;
- বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস নির্মাণের জন্য খুলনার লবনচরা থানাস্থ খোলাবাড়িয়া মৌজায় ৫০ একর জমির প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে।

৮.২ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

ভূমিকা:

সর্বজনীন স্বাস্থ্য সেবা চালু করার লক্ষ্যে উন্নত চিকিৎসা শিক্ষা ব্যবস্থা অপরিহার্য। উন্নত চিকিৎসা ব্যবস্থা সম্প্রসারণের লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। মানসম্মত মেডিকেল শিক্ষা সমুন্নত রাখা, মেডিকেল শিক্ষার আধুনিকায়ন ও যুগোপযোগী করার লক্ষ্যে মেধাবী ছাত্র-ছাত্রীদের চিকিৎসা বিজ্ঞানে উন্নত শিক্ষা লাভের সুযোগ সম্প্রসারণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজসমূহে স্নাতক পর্যায়ে যথাক্রমে এমবিবিএস ও বিডিএস কোর্স চালু রয়েছে। বিভিন্ন বিশেষায়িত চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান ছাড়াও মেডিকেল কলেজগুলোতে স্নাতকোত্তর কোর্স চালু করা হয়েছে ও পাঠদান অব্যাহত রয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয় ১৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে প্রজ্ঞাপনের মাধ্যমে ০১ জন মহাপরিচালক, ০২ জন অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/চিকিৎসা শিক্ষা), ০৮ জন পরিচালক (প্রশাসন, শৃংখলা, আর্থিক ব্যবস্থাপনা, পরিকল্পনা ও উন্নয়ন, মানব সম্পদ ব্যবস্থাপনা, অলটারনেটিভ মেডিসিন, ডেন্টাল শিক্ষা, গবেষনা প্রকাশনা ও কারিকুলাম উন্নয়ন), ০৭ জন উপ-পরিচালক (শৃংখলা, আর্থিক ব্যবস্থাপনা, পরিকল্পনা ও উন্নয়ন, সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ, অলটারনেটিভ মেডিসিন, ডেন্টাল শিক্ষা, গবেষণা প্রকাশনা ও কারিকুলাম উন্নয়ন), ১৩ জন সহকারী পরিচালক (প্রশাসন-৩টি, শৃংখলা, বাজেট, অডিট, পরিকল্পনা ও উন্নয়ন, সরকারি মেডিকেল কলেজ, বেসরকারি মেডিকেল কলেজ, অলটারনেটিভ মেডিসিন, ডেন্টাল শিক্ষা, গবেষণা প্রকাশনা ও কারিকুলাম উন্নয়ন) সহ মোট ১৪৯ টি পদ সৃজন করা হয়।

রূপকল্প (Vision):

সর্বজনীন স্বাস্থ্য সেবা সম্প্রসারণে চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে প্রশিক্ষিত জনবল তৈরিকরণ।

অভিলক্ষ্য (Mission):

চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মানসম্মত চিকিৎসা শিক্ষা ব্যবস্থা চালুকরণ, দক্ষতা উন্নয়নের নিমিত্তে প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণ, গবষেণামূলক কাজ বৃদ্ধি ও জার্নালে প্রকাশ।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের কার্যপরিধি:

- সরকারি বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজসমূহ নীতিমালা অনুযায়ী পরিচালনা নিশ্চিত করা। স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা। সকল চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি নিশ্চিত করা;
- ইউনানী, আর্য়ুবেদিক, হোমিওপ্যাথিক ও দেশজ চিকিৎসা শিক্ষার বিস্তার ও মানোন্নয়নে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা;
- দক্ষতা উন্নয়নের নিমিত্তে প্রশিক্ষনের সুযোগ সম্প্রসারণ;
- ম্যাটস্ ও আইএইচটি শিক্ষার মানোন্নয়ন/ শিক্ষার সুযোগ সম্প্রসারণ।

একনজরে সরকারি ও বেসরকারি পর্যায়ের চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের চিত্র:

বিভিন্ন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সংখ্যা				
প্রতিষ্ঠানের সংখ্যা				
ক্রম	প্রতিষ্ঠান	সরকারি	বেসরকারি	মোট
১	মেডিকেল কলেজ	৩৭	৬৭	১০৪
২	আর্মি মেডিকেল কলেজ (বেসরকারি)	০	৫	৫
৩	আর্মড ফোর্সেস মেডিকেল কলেজ (সরকারি)	১	০	১
৫	ডেন্টাল কলেজ ও ইউনিট	৯	২৬	৩৫

৬	ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি)	২৩	১০৫	১২৮
৭	মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস্)	১৬	২০০	২১৬
	মোট=	৮৬	৪০৩	৪৮৯

অনুমোদিত আসন সংখ্যা

ক্রম	প্রতিষ্ঠান	সরকারি	বেসরকারি	আর্মি	মোট
১	মেডিকেল কলেজ	৫৩৮০	৬২৯৫	৩৮৫	১২০৬০
২	ডেন্টাল কলেজ ও ইউনিট	৫৪৫	১৪০৫	০	১৯৫০
৩	ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি)	৩২১৯	৯২৯৫	০	১২৫১৪
৪	মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (ম্যাটস্)	১০৮২	১৩৫৪০	০	১৪৬২২
	মোট=	১০২২৬	৩০৫৩৫	৩৭৫	৪১১৪৬

সরকারি মেডিকেল কলেজ:

ক্রম	প্রতিষ্ঠানের নাম	আসন সংখ্যা
১	ঢাকা মেডিকেল কলেজ	২৫০
২	স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা	২৫০
৩	শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা	২৩০
৪	ময়মনসিংহ মেডিকেল কলেজ	২৫০
৫	চট্টগ্রাম মেডিকেল কলেজ	২৫০
৬	রাজশাহী মেডিকেল কলেজ	২৫০
৭	এম এ জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট	২৫০
৮	শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	২৫০
৯	রংপুর মেডিকেল কলেজ	২৫০
১০	কুমিল্লা মেডিকেল কলেজ	২০০
১১	খুলনা মেডিকেল কলেজ	২০০
১২	শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া	২০০
১৩	ফরিদপুর মেডিকেল কলেজ	২০০
১৪	দিনাজপুর মেডিকেল কলেজ	২০০
১৫	পাবনা মেডিকেল কলেজ	১০০
১৬	নোয়াখালী মেডিকেল কলেজ	১০০
১৭	কক্সবাজার মেডিকেল কলেজ	১০০
১৮	যশোর মেডিকেল কলেজ	১০০
১৯	সাতক্ষীরা মেডিকেল কলেজ	১০০
২০	শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ	১০০
২১	কুষ্টিয়া মেডিকেল কলেজ	১০০
২২	শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ	১০০
২৩	শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, গাজীপুর	১০০
২৪	টাঙ্গাইল মেডিকেল কলেজ	১০০
২৫	জামালপুর মেডিকেল কলেজ	১০০
২৬	মানিকগঞ্জ মেডিকেল কলেজ	১২৫
২৭	শহীদ এম মনুসর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ	১০০
২৮	পটুয়াখালী মেডিকেল কলেজ	৭৫

ক্রম	প্রতিষ্ঠানের নাম	আসন সংখ্যা
২৯	রাঙ্গামাটি মেডিকেল কলেজ	৭৫
৩০	মুগদা মেডিকেল কলেজ, ঢাকা	১০০
৩১	শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জ	১০০
৩২	নেত্রকোনা মেডিকেল কলেজ	৭৫
৩৩	নীলফামারী মেডিকেল কলেজ	৭৫
৩৪	নওগাঁ মেডিকেল কলেজ	৭৫
৩৫	মাগুরা মেডিকেল কলেজ	৭৫
৩৬	চাঁদপুর মেডিকেল কলেজ	৭৫
৩৭	বঙ্গাবন্ধু মেডিকেল কলেজ, সুনামগঞ্জ	৭৫
		৫,৩৮০

বেসরকারি মেডিকেল কলেজ:

ক্রম	প্রতিষ্ঠানের নাম	আসন সংখ্যা
১.	এনাম মেডিকেল কলেজ, ঢাকা	১৫৫
২.	টিএমএসএস মেডিকেল কলেজ, বগুড়া	১৫০
৩.	আনোয়ার খান মডার্ণ মেডিকেল কলেজ, ঢাকা	১৪৭
৪.	হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ, ঢাকা	১৪৫
৫.	শহীদ মনসুর আলী মেডিকেল কলেজ, ঢাকা	১৪০
৬.	কমিউনিটি বেজড মেডিকেল কলেজ, ময়মনসিংহ	১৪০
৭.	রংপুর কমিউনিটি হাসপাতাল মেডিকেল কলেজ	১৩৫
৮.	প্রাইম মেডিকেল কলেজ, রংপুর	১৩৫
৯.	ঢাকা ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা	১৩০
১০.	জালালাবাদ রাগিব রাবেয়া মেডিকেল কলেজ, সিলেট	১৩০
১১.	ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, টঙ্গী, গাজীপুর	১৩০
১২.	ইস্ট ওয়েস্ট মেডিকেল কলেজ, ঢাকা	১২৭
১৩.	নর্থ ইস্ট মেডিকেল কলেজ, সিলেট	১২৫
১৪.	বাংলাদেশ মেডিকেল কলেজ, ঢাকা	১২০
১৫.	গ্রীণ লাইফ মেডিকেল কলেজ, ঢাকা	১২০
১৬.	কুমুদিনি মেডিকেল কলেজ, টাঙ্গাইল	১২০
১৭.	ইব্রাহীম মেডিকেল কলেজ, ঢাকা	১২০
১৮.	চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ, আগ্রাবাদ, চট্টগ্রাম	১১৫
১৯.	ইস্টার্ন মেডিকেল কলেজ, কুমিল্লা	১১৫
২০.	এম এইচ শমরিতা মেডিকেল কলেজ, ঢাকা	১১৫
২১.	তায়েবুন্নেসা মেডিকেল কলেজ, গাজীপুর	১০৭
২২.	পপুলার মেডিকেল কলেজ, ঢাকা	১০৫
২৩.	বারিন্দ মেডিকেল কলেজ, রাজশাহী	১০৫
২৪.	খাজা ইউনুস আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ	১০৫
২৫.	জহুরুল ইসলাম মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ	১০০
২৬.	জেড এইচ সিকদার উইমেন্স মেডিকেল কলেজ, ঢাকা	১০০
২৭.	বিজিসি ট্রাস্ট মেডিকেল কলেজ, চট্টগ্রাম	১০০

২৮.	সিলেট উইমেন্স মেডিকেল কলেজ	১০০
২৯.	আদ্ব-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজ, ঢাকা	১০০
৩০.	ঢাকা কমিউনিটি মেডিকেল কলেজ	১০০
৩১.	ডাঃ সিরাজুল ইসলাম মেডিকেল কলেজ, ঢাকা	১০০
৩২.	ময়নামতি মেডিকেল কলেজ, কুমিল্লা	১০০
৩৩.	গাজী মেডিকেল কলেজ, খুলনা	১০০
৩৪.	মেডিকেল কলেজ ফর উইমেনস এন্ড হাসপাতাল, ঢাকা	৯৫
৩৫.	উত্তরা আধুনিক মেডিকেল কলেজ, ঢাকা	৯০
৩৬.	ডেল্টা মেডিকেল কলেজ, ঢাকা	৯০
৩৭.	ডায়াবেটিক এ্যাসোসিয়েশন মেডিকেল কলেজ, ফরিদপুর	৯০
৩৮.	ঢাকা সেন্ট্রাল ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ	৯০
৩৯.	আব্দুল হামিদ মেডিকেল কলেজ, কিশোরগঞ্জ	৯০
৪০.	সাহাবউদ্দিন মেডিকেল কলেজ, ঢাকা	৯০
৪১.	নর্থ বেঙ্গাল মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ	৮৫
৪২.	ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ, রাজশাহী	৮৫
৪৩.	মুন্নু মেডিকেল কলেজ, মানিকগঞ্জ	৮৫
৪৪.	পার্কভিউ মেডিকেল কলেজ, সিলেট	৮২
৪৫.	সেন্ট্রাল মেডিকেল কলেজ, কুমিল্লা	৮০
৪৬.	ইনস্টিটিউট অফ এ্যাপলাইড হেলথ সায়েন্স (ইউএসটিসি), চট্টগ্রাম	৮০
৪৭.	সিটি মেডিকেল কলেজ, গাজীপুর	৮০
৪৮.	আদ্ব-দ্বীন সখিনা উইমেন্স মেডিকেল কলেজ, যশোর	৭৫
৪৯.	মার্কস মেডিকে কলেজ, ঢাকা	৭০
৫০.	সাউর্দান মেডিকেল কলেজ, চট্টগ্রাম	৬৫
৫১.	ইবনে সিনা মেডিকেল কলেজ, ঢাকা	৬০
৫২.	ব্রাহ্মণবাড়ীয়া মেডিকেল কলেজ	৬০
৫৩.	ইবনে সিনা মেডিকেল কলেজ, ঢাকা	৬০
৫৪.	চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ	৬০
৫৫.	ইউ এস বাংলা মেডিকেল কলেজ, নারায়নগঞ্জ	৬০
৫৬.	আদ-দ্বীন আকিজ মেডিকেল কলেজ, খুলনা	৬০
৫৭.	বিক্রমপুর ভূইয়া মেডিকেল কলেজ	৫৭
৫৮.	ইউনিভার্সেল মেডিকেল কলেজ, ঢাকা	৬০
৫৯.	মেরিন সিটি মেডিকেল কলেজ, চট্টগ্রাম	৫৫
৬০.	আশিয়ান মেডিকেল কলেজ, ঢাকা	৫০
৬১.	আদ-দ্বীন বসুন্ধরা মেডিকেল কলেজ, কেরানীগঞ্জ, ঢাকা	৫০
৬২.	মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ, শরীয়তপুর	৫০
৬৩.	খুলনা সিটি মেডিকেল কলেজ	৫০
৬৪.	ইউনাইটেড মেডিকেল কলেজ, ঢাকা	৫০
৬৫.	সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ, ঢাকা	৫০
৬৬.	আহসানিয়া মিশন মেডিকেল কলেজ, ঢাকা	৫০
৬৭.	আজগর আলী মেডিকেল কলেজ, ঢাকা	৫০
	মোট=	৬২৯৫
শিক্ষার্থী ভর্তি স্থগিত- নর্দান ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা; নর্দান প্রাইভেট মেডিকেল কলেজ, রংপুর; আইচি মেডিকেল		

কলেজ, ঢাকা; শাহ মখদুম মেডিকেল কলেজ, রাজশাহী; **অনুমোদন বাতিল**: নাইটিংগেল মেডিকেল কলেজ, আশুলিয়া, ঢাকা এবং কেয়ার মেডিকেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা;

মেডিকেল কলেজসহ বিভিন্ন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত তথ্য:

প্রতিষ্ঠানের ধরন	প্রতিষ্ঠানের সংখ্যা			ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা			অধ্যায়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা	
	সরকারি	বেসরকারি	মোট	সরকারি	বেসরকারি	মোট	মোট ছাত্র	মোট ছাত্রী
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
মেডিকেল কলেজ	৩৭	৬৭	১০৪	৪৩৫০	৬২০৮	১০৫৫৮	৪৭৫২	৫৮০৬
ডেন্টাল কলেজ	১	১২	১৩	৫৪৫	৯৪০			
মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল	১৬	২০০	২১৬	৮০১	১৪৩৪	২২৩৫	১০০৬	১২২৯
ইন্সটিটিউট অব হেলথ টেকনোলজি	২৩	১০৫	১২৮	২২৪৬	১৬২৯	৩৮৭৫	১৭৪৩	২১৩২

* (০১ জুলাই ২০২৩ থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত)

ভবিষ্যৎ পরিকল্পনা:

- সরকারি মেডিকেল কলেজ পরিচালনার জন্য গাইডলাইন প্রণয়ন;
- নতুন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের জন্য এমআইএস/এইচআরআইএস তৈরী করা;
- সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ সমূহে গ্রেডিং সিস্টেম বাস্তবায়ন করা;
- এমবিবিএস, বিডিএস, হোমিওপ্যাথিক ও দেশজ চিকিৎসা, আইএইচটি ও ম্যাটস্ এর কারিকুলাম সময়ের সাথে যুগোপযোগী করা;
- বাংলাদেশ এ্যালাইড হেলথ প্রফেশনাল এডুকেশনাল বোর্ড স্থাপন করা।

২০২৩-২৪ অর্থবছরে গৃহিত কার্যক্রম:

- চিকিৎসা শিক্ষাকে বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে ‘বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রিডিটেশন আইন, ২০২৩’ প্রণয়নপূর্বক ‘বাংলাদেশ চিকিৎসা শিক্ষা এ্যাক্রিডিটেশন কাউন্সিল’ গঠন করা হয়েছে;
- স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করে জনগণের স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য স্বাস্থ্য অবকাঠামোর সাথে দক্ষ, অভিজ্ঞ, মানসম্পন্ন চিকিৎসক, নার্স, প্যারামেডিক্স জনবলের প্রয়োজন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী প্রতি ০১ (এক) জন চিকিৎসকের বিপরীতে ০৫ (পাঁচ) জন প্যারামেডিক্স থাকা আব্যশক। বর্তমানে দেশে ২৩টি সরকারি আইএইচটি ও ১৮টি সরকারি ম্যাটস্ ও ১১২টি বেসরকারি আইএইচটি ও ২০০ টি বেসরকারি ম্যাটস্ এর কার্যক্রমের অনুমোদন দেয়া হয়েছে;
- সবার জন্য স্বাস্থ্য বাস্তবায়নের জন্য প্রয়োজন পর্যাপ্ত দক্ষ চিকিৎসক। সে লক্ষ্যে রেখে ৩৭টি সরকারি, ৬৭টি বেসরকারি ও ০৬টি আর্মি মেডিকেল কলেজে প্রতি বছর ১০৯৩৩ জন শিক্ষার্থী এমবিবিএস কোর্সে ভর্তি করা হয়;
- ০১টি সরকারি ডেন্টাল কলেজ, ০৮টি মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে ৫৪৫ জন এবং ১২টি বেসরকারি ডেন্টাল কলেজে ও ১৫টি বেসরকারি মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটে প্রতিবছর ১৪১৫ জন শিক্ষার্থী বিডিএস কোর্সে ভর্তি করা হয়;

- প্রচলিত চিকিৎসা ব্যবস্থার সাথে সমন্বয় রেখে চিরাচরিত চিকিৎসা ব্যবস্থার ভূমিকা নিশ্চিতকণের লক্ষ্যে ০১টি সরকারী ইউনানী ও আর্য়ুবেদিক কলেজ ও ০১টি হোমিওপ্যাথি কলেজের জন্য ভর্তি পরীক্ষার মাধ্যমে ১০০ জন শিক্ষার্থী নির্বাচন ও ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হয়েছে;
- মানসম্পন্ন চিকিৎসা শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার জন্য সকল চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত তদারকি ও পর্যবেক্ষণ প্রয়োজন। সেই উদ্দেশ্যকে সামনে রেখে মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তাগণ একটি পর্যবেক্ষণ টুল তৈরী করেন এবং সেই টুলের মাধ্যমে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে পরিদর্শন কমিটি গঠন করা হয়। পরিদর্শন কমিটি বিভিন্ন মেডিকেল কলেজ এর প্রশাসনিক, আর্থিক ও একাডেমিক কার্যক্রম পর্যবেক্ষণ করেন;
- বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা আইন, ২০২২ অনুযায়ী নিয়মিত মনিটরিং এর মাধ্যমে বেসরকারি মেডিকেল ও ডেন্টাল কলেজের একাডেমিক কার্যক্রমের মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে;
- টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর লক্ষ্য অর্জন এবং জনস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে সরকার চিকিৎসা শিক্ষার সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণ করেছে। সরকারি/বেসরকারি খাতের অংশীদারিত্বের মাধ্যমে এ শিক্ষা ব্যবস্থার উৎকর্ষ সাধনে ও বিশ্ব ব্যবস্থার সাথে তাল মিলিয়ে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণে সরকার বদ্ধ পরিকর। এমবিবিএস কোর্সে চিকিৎসা শিক্ষার কারিকুলাম হালনাগাদ, আধুনিকায়ন ও যুগোপযোগী করার কার্যক্রম চলমান রয়েছে। আইএইচটি ও ম্যাটস্ এর কোর্স কারিকুলাম আপডেট করা হয়েছে;
- মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বিভিন্ন বিষয়ে অপারেশনাল প্লান এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- নবগঠিত স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন কর্মচারীদের কর্মক্ষেত্র তৈরি ও গতিশীল করার জন্য কার্যক্রম চলমান;
- স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের জন্য স্বতন্ত্র ওয়েব সাইট (www.dgme.gov.bd) রয়েছে। বর্তমানে ওয়েবসাইটটিতে তথ্য সমৃদ্ধিকরণ ও হালনাগাদকরণ এর কাজ চলমান;
- সরকারি মেডিকেল কলেজে মেডিকেল শিক্ষার্থীদের এনাটমি বিষয়ে জ্ঞানকে আরও সমৃদ্ধ ও ভিজ্যুয়ালাইজড করার লক্ষ্যে ইতোমধ্যে ১৮টি মেডিকেল কলেজে সিমুলেশন ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে এবং আরো ১০টি মেডিকেল কলেজে সিমুলেশন ল্যাব প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে;
- এমবিবিএস ও বিডিএস ভর্তি পরীক্ষায় ডিজিটাল প্রযুক্তির ব্যবহার করে নতুনত্ব আনা হয়েছে। ‘মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা-২০২৩’ প্রণয়ন করে সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসমূহে সম্পূর্ণ অটোমেশন প্রক্রিয়ায় স্বচ্ছতার মাধ্যমে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি করা হয়েছে।

৮.৪ বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ আইন, ২০১৮ অনুযায়ী বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জন (বিসিপিএস) পরিচালিত হয়। বিসিপিএস হতে চিকিৎসা শিক্ষার এফসিপিএস, এমসিপিএস কোর্সের মোট ৪৮টি বিষয়ে উচ্চতর ডিগ্রি প্রদান করা হয়।

৮.৫ বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ (বিএমআরসি)

বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ (বিএমআরসি) চিকিৎসা শিক্ষার মান উন্নয়নে আন্তর্জাতিক মানসম্পন্ন ‘বঙ্গমাতা ন্যাশনাল সেলুলার এন্ড মলিকুলার রিসার্চ সেন্টার’ স্থাপন করেছে। প্রতিষ্ঠানটি দেশের সকল রোগীর তথ্য উপাত্ত ও নমুনা সংগ্রহ এবং সংরক্ষণে কাজ করবে যা ভবিষ্যতে কমিউনিকেবল ও নন-কমিউনিকেবল ডিজিজের প্যাটার্ন এ্যানালাইসিস ও এদের বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণে গবেষকদের সহায়ক হবে।

৮.৬ বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড

১৯৮৩ সালে অধ্যাদেশ জারির মাধ্যমে অবিভক্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড গঠন করে হোমিওপ্যাথিক চিকিৎসা ও শিক্ষা ব্যবস্থাকে সুগঠিত করা হয়। হোমিওপ্যাথিক শিক্ষা, রোগীর যত্ন এবং গবেষণামূলক কর্মকান্ডের উৎকর্ষতার জন্য বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ড কাজ করছে। এছাড়াও ১৯৮৯ সালে ঢাকার মিরপুরে সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতাল প্রতিষ্ঠা করা হয়। এ কলেজ হতে হোমিওপ্যাথিতে দেশের সর্বোচ্চ ডিগ্রি “ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারি”(বিএইচএমএস) ডিগ্রি প্রদান করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি অনুষদ কোর্সটি পরিচালনা করে। বেসরকারিভাবে ৬২টি ডিপ্লোমা পর্যায়ের হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের অধীনে পরিচালিত হচ্ছে। উক্ত প্রতিষ্ঠানগুলি ‘ডিপ্লোমা অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী’(ডিএইচএমএস) ডিগ্রি প্রদান করে থাকে।

৮.৭ বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন

১৯৮৩ সালে 'বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স' জারির মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসাবে বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড গঠন করে ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা ও শিক্ষা ব্যবস্থাকে সুগঠিত করা হয়। ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা বিষয়ে সরকারিভাবে ০১টি স্নাতক পর্যায়ের মেডিকেল কলেজ এবং ০১টি ডিপ্লোমা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করা হয়েছে। এছাড়া স্বীকৃতি (Recognition) প্রাপ্ত হয়ে বেসরকারিভাবে ০২টি স্নাতক পর্যায়ের ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং ২৪টি ডিপ্লোমা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে। ডিপ্লোমা পর্যায়ের ইউনানী ও আয়ূর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানগুলো 'বাংলাদেশ বোর্ড অব ইউনানী এ্যান্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন'-এর অধীনে পরিচালিত হয়। ইউনানী-আয়ুর্বেদিক চিকিৎসা ব্যবস্থাকে অধিকতর সমৃদ্ধ করার লক্ষ্যে সরকার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

৮.৮ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কার্যক্রম

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

ভূমিকা:
বাংলাদেশে পরিবার পরিকল্পনা কার্যক্রম ১৯৫৩ সালে বেসরকারি পর্যায়ে সূচনা হয়। এর একযুগ পরে সরকারিভাবে এ কার্যক্রম শুরু করা হয়। বর্তমানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর জাতীয় পর্যায় হতে তৃণমূল পর্যায় পর্যন্ত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে গ্রহীতাকেন্দ্রিক সেবা ও তথ্য প্রদান কার্যক্রম পরিচালনা করছে, যার ফলস্বরূপ বিভিন্ন জনমিতিক সূচকে আশাব্যঞ্জক সাফল্য অর্জিত হয়েছে। সারাবিশ্বের সঙ্গে তাল মিলিয়ে বাংলাদেশও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG-২০৩০) অর্জনে অঙ্গীকারাবদ্ধ। SDG-২০৩০ এর কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে পরিবার পরিকল্পনা অধিদপ্তর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে কার্যক্রম পরিচালনা করছে।

রূপকল্প (Vision):

সকলের জন্য মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সাশ্রয়ী পরিবার পরিকল্পনা সেবা।

অভিলক্ষ্য (Mission):

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নের মাধ্যমে মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সবার জন্য সাশ্রয়ী ও গুণগত পরিবার পরিকল্পনা সেবা।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্ব ও উন্নয়ন খাতের অনুমোদিত, কর্মরত ও শূন্য জনবল এর তথ্য:

ক্রম.	গ্রেড	অনুমোদিত পদ	কর্মরত	শূন্যপদ
১	**গ্রেড ১ থেকে ৯**	২৪৫৩	১৩৩২	১১২১
২	**১০-১২ তম গ্রেড**	৫২১৮	২৬৬৪	২৫৫৪
৩	**গ্রেড ১৩ থেকে ১৬**	১৪০৭৩	১০২০৩	৩৮৭০
৪	**গ্রেড ১৭ থেকে ২০**	৩২৪৮২	২৫৩৮২	৭১০০
সর্বমোট		৫৪২২৬	৩৯৫৮১	১৪৬৪৫

তথ্যসূত্র: প্রশাসন ইউনিটের পার-১ হতে প্রাপ্ত তথ্য।

সেবা প্রতিষ্ঠান/কেন্দ্র:

- ১৭৩ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা;
- ১০০ শয্যা বিশিষ্ট মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার, মোহাম্মদপুর, ঢাকা;
- ২০০ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর, ঢাকা;
- জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চালুকৃত ২৪৯টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র;
- ৩২৩৮টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC);
- পরিবার কল্যাণ সহকারীগণ কর্তৃক মাঠপর্যায়ে বাড়ি পরিদর্শন, উঠান বৈঠক ও স্যাটেলাইট ক্লিনিক এবং প্রতি সপ্তাহে ০২দিন কমিউনিটি ক্লিনিকে পরিবার পরিকল্পনা সেবা, তথ্য প্রদান ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা।

সেবার তথ্য ও প্রদত্ত সেবার তুলনামূলক চিত্র:

বর্তমানে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় সক্ষম দম্পতি প্রায় ২,৮১,৬৭,১৬৬। পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ২,১৮,৪২,৯০৬ এবং গ্রহণকারীর হার ৭৭.৬৩%। ২০২৩-২৪ অর্থবছরে পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে প্রদত্ত জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির সেবা প্রদানের তুলনামূলক চিত্র নিম্নরূপ:

পদ্ধতির নাম	গ্রহণকারীর সংখ্যা (জন)
খাবার বড়ি	১,০৮,৮৬,৮১৫
কনডম	২,১৪,৮০০৭
ইনজেকটেবল	৩৯,৮৯,৬৮৫
আইইউডি	৬,৫৯,০৫৪
ইমপ্ল্যান্ট	১,৫২,৪৪,১১
পুরুষ (স্থায়ী)	৬,৫৮,৭১২
মহিলা (স্থায়ী)	১৯,৯৮,৩৯৪

তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php

মেথড মিক্স (Method mix):

পরিবার পরিকল্পনার জন্য বিভিন্ন মেয়াদী মোট ৭টি জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি বিদ্যমান। এসকল জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা একইরূপ নয়। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের এমআইএস এর তথ্য অনুযায়ী বাংলাদেশে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের মধ্যে খাবার বড়ি গ্রহণকারীর সংখ্যা সর্বোচ্চ (৪৯.৫%) এবং আইইউডি ও স্থায়ী পদ্ধতি (পুরুষ) গ্রহণকারীর সংখ্যা সর্বনিম্ন (৩%)। অস্থায়ী পদ্ধতি খাবার বড়ি, কনডম ও ইনজেকশন গ্রহণকারীর হার মোট গ্রহণকারীর ৭৭.৯ শতাংশ। অন্যদিকে দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহণকারীর হার মোট গ্রহণকারীর ১০ শতাংশ এবং স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর হার মোট গ্রহণকারীর ১২.১ শতাংশ। জুন, ২০২৪ এর অস্থায়ী, দীর্ঘমেয়াদী ও স্থায়ী জন্মনিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারীর সংখ্যার ভিত্তিতে মেথডমিক্স (Method mix) এর চিত্র নিম্নরূপ:

মেথড মিক্স (Method Mix)



তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php

পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদানের সংখ্যা:

পরিবার পরিকল্পনা অধিদপ্তর অস্থায়ী, দীর্ঘমেয়াদী এবং স্থায়ী মোট ৭ ধরনের জন্মনিয়ন্ত্রণ পদ্ধতির সেবা প্রদান করে থাকে। অস্থায়ী পদ্ধতিগুলো হলো- খাবার বড়ি, কনডম ও ইনজেকশন। দীর্ঘমেয়াদী পদ্ধতি হলো আইইউডি ও ইমপ্ল্যান্ট । এনএসভি পুরুষের জন্য স্থায়ী পদ্ধতি এবং টিউবেকটমী মহিলাদের জন্য স্থায়ী পদ্ধতি। এ সকল পদ্ধতির বিগত পাঁচ বছরে সেবা গ্রহণকারী সক্ষম দম্পতির সংখ্যা এবং তুলনামূলক চিত্র নিম্নরূপ:

পদ্ধতির নাম	২০২৯-২০২০	২০২০-২০২১	২০২১-২০২২	২০২২-২০২৩	২০২৩-২০২৪
খাবার বড়ি	১০৪৭২৪৭৩	১০৫৫৩০৯৬	১০৫৪৫৬৮৬	১০৬২৩১৩১	১,০৮,৮৬,৮১৫
কনডম	২০৩৫৯৮৬	২০৫৫৫৮৬	২০৭৮৯৭৯	২১৫০০৬৬	২,১৪,৮০০৭
ইনজেকটেবল	৪১৯৭১৯৪	৪২২২৪৮৮	৪১৮৫৬৪৫	৪২৬৭৯৮৫	৩৯,৮৯,৬৮৫
আইইউডি	৭৩৩২৫৩	৭৩২৭০৬	৭০৮৫৯৬	৬৭৫৮১১	৬,৫৯,০৫৪
ইমপ্ল্যান্ট	১২৫০২২৪	১৩৪৭৫৫৪	১৩৯৭৯৪৪	১৪২৪৯৮৩	১,৫২,৪৪,১১
পুরুষ (স্থায়ী)	৭৪৬১২২	৭৪৫২১৯	৭৪১৬০২	৭১৪৬৬০	৬,৫৮,৭১২
মহিলা(স্থায়ী)	২০১৭৩১৮	২০৫৭১২২	২০৮৫০৫৯	২০৫০৬২৩	১৯,৯৮,৩৯৪

তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php



প্রসবপূর্ব সেবা:

পরিবার পরিকল্পনা অধিদপ্তর দেশব্যাপী বিস্তৃত সেবা প্রতিষ্ঠানের মাধ্যমে মা, শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য সেবা প্রদান করে থাকে। বিশেষত: নিরাপদ প্রসব নিশ্চিতকরণে গর্ভবতী মায়েদের গর্ভকালীন সময়ে মোট ৪বার প্রসবপূর্ব সেবা প্রদান করা হয়ে থাকে। বিগত পাঁচ বছরে প্রদত্ত প্রসবপূর্ব সেবার সংখ্যা ও চিত্র নিম্নরূপ:

সেবার নাম	২০১৯- ২০২০	২০২০-২০২১	২০২১-২০২২	২০২২-২৩	২০২৩-২৪
প্রসবপূর্ব সেবা ১	১৯৩৪০০৭	১৯১২২০৬	১৮৯২১২৯	১৪৫৮৮০১	১৪২৩১০০
প্রসবপূর্ব সেবা ২	১৪৭৪২৮২	১৩৯৩৩১২	১৩৯৩৭৫২	৮৫৩৪৭৩	৮৬৯২৭৯
প্রসবপূর্ব সেবা ৩	১২২৭৩৯৭	১১২২৭৪০	১১০৪১৯১	৬০৯৮৭৮	৬১৬৮৯৮

প্রসবপূর্ব সেবা ৪	১০৬৬২৬৩	৯৫৭৬৭৯	৯৫৭৬৩৩	৫০৭৮০৮	৫১৪৪৩৮

তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php



প্রসব সেবা:

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন জাতীয় পর্যায়ের তিনটি হাসপাতালসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের পুরাতন ৭২টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র হতে স্বাভাবিক ও জরুরী প্রসূতিসেবা প্রদান করা হয়। এছাড়াও ইউনিয়ন পর্যায়ের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। এছাড়াও দক্ষ সেবাদানকারীর মাধ্যমে বাড়ীতে প্রসবসেবা প্রদান করা হয়। বিগত ০৫ বছরের প্রসব সেবার তথ্য নিম্নরূপ:

সেবার নাম	২০১৯-২০২০	২০২০-২০২১	২০২১-২০২২	২০২২-২০২৩	২০২৩-১৪
প্রসব সেবা	১৭৭২৪৮	১৭৬০৮৩	১৯০৫৯০	১৯৪৯৯২	১৯৩৭৫৫

তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php

বিগত ০৫ বছরের প্রসব সেবার চিত্র



প্রসব পরবর্তী সেবা:

প্রসবের ৬-৮ সপ্তাহ সময়ের মধ্যে মায়ের স্বাস্থ্য সুরক্ষা, নবজাতকের যত্ন নিশ্চিত করার জন্য প্রসব পরবর্তী সেবা প্রদান করা হয়। বিগত ০৫ বছরের প্রসব পরবর্তী সেবার চিত্র নিম্নরূপ:

সেবার নাম	২০১৯-২০২০	২০২০-২০২১	২০২১-২০২২	২০২২-২০২৩	২০২৩-২৪
প্রসব পরবর্তী সেবা ১	৫০৩৬০৭	৪৫৭২৬৪	৪৭৪২৮০	২২১১১৪	২১৮৫৬৭
প্রসব পরবর্তী সেবা ২	৪৪১১৩১	৪০৫৪৮৩	৪২৯২০৩	১৮৮১৬২	১৮৮৭৩৩
প্রসব পরবর্তী সেবা ৩	৪৭৯১৪৪	৪৪১৩৯৪	৪৫২৪১৯	২৩০৩১২	২৩৯২৯৮
প্রসব পরবর্তী সেবা ৪	৫৭০৬৩৭	৪৮৮৩০১	৫৪৫০৯৫	৩৩৩৪০৬	৩৫৫৭৮৮

তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php



মাতৃ স্বাস্থ্য উন্নয়নে কার্যক্রম:

- জাতীয় পর্যায়ে ০৩টি সেবা বিশেষায়িত হাসপাতাল (এমসিএইচটিআই,আজিমপুর; এমসিএইচটিআই, মিরপুর, ঢাকা এবং এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা) এবং ৭২টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC) হতে সিজারিয়ান অপারেশনসহ জরুরী প্রসূতি সেবা প্রদান করা হচ্ছে;
- ইউনিয়ন পর্যায়ে নবসৃষ্ট ১০ শয্যাবিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হচ্ছে;
- ৫০০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রকে মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হিসেবে রূপান্তর করে মা, নবজাতক,শিশু, কিশোর-কিশোরী, প্রজনন স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনার সেবার পাশাপাশি সপ্তাহে সাত দিন ২৪ ঘন্টা প্রসবসেবা দেওয়ার লক্ষ্যে প্রত্যেক কেন্দ্রগুলোতে জনবল প্রদানসহ অবকাঠামোগত উন্নয়নের উপর জোর দেওয়া হচ্ছে;
- সারাদেশে মাতৃমৃত্যুর অন্যতম কারণ হিসাবে অতিরিক্ত রক্তক্ষরণ (৩১ %) ও একলাম্পসিয়া (২৪%) চিহ্নিত করা হয়েছে (বিএমএসএস-২০১৬)। এর মধ্যে প্রসব প্রতিরোধে সেবা প্রদানকারীদের প্রশিক্ষণ প্রদানসহ ট্যাবলেট মিসোপ্রোস্টল প্রদান করা হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরে ১৫ লক্ষ ০২হাজার জনকে মিসোপ্রোস্টল প্রদান করা হয়েছে

  তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php;

- একলাম্পশিয়াজনিত মাতৃমৃত্যু রোধে ইনজেকশন ম্যাগনেসিয়াম সালফেট লোডিং-ডোজ প্রদান পূর্বক রেফারেল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

শিশু স্বাস্থ্য (০-৫ বছর) উন্নয়নে কার্যক্রম:

- নবজাতকের স্বাস্থ্য সুনিশ্চিতকরণে সকল সেবা কেন্দ্রে নবজাতকের সমন্বিত অত্যাবশ্যকীয় সেবা কার্যক্রম গ্রহণ করা হয়েছে;
- অপরিণত ও কম ওজনের নবজাতকের জীবন রক্ষায় ২২টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ০২টি বিশেষায়িত হাসপাতালে ক্যাঙ্গারু মাদার কেয়ার (কেএমসি) সেবা চালু করা হয়েছে;
- জাতীয় পর্যায়ে ০৩টি প্রতিষ্ঠানে (এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা; এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা ও এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর) নবজাতকের নিবিড় সেবা প্রদানের লক্ষ্যে স্ক্যানু (SCANU) স্থাপন করে সেবা প্রদান করা হচ্ছে;
- নবজাতকের কাটা নাভিতে সংক্রমণ প্রতিরোধে ৭.১% ক্লোরোহেক্সিডিন ক্রয় ও বিতরণ করা হচ্ছে।

কিশোর-কিশোরীদের স্বাস্থ্য উন্নয়নে কার্যক্রম:

- কিশোর-কিশোরীদের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে এ পর্যন্ত মোট ১২৫৩টি সেবা কেন্দ্রে কৈশোর বান্ধব স্বাস্থ্য সেবা চালু করা হয়েছে;
- কিশোর-কিশোরীদের গুণগত মাসিক ব্যবস্থাপনার জন্য ১৬,৯৬,১৭৯ জন কিশোরীকে মানসম্মত স্যানিটারী ন্যাপকিন প্রদান করা হয়েছে;
- রক্তস্বল্পতারোধে ১৫,৬২,৪৮৪ জন কিশোরীকে আয়রন-ফলিক এসিড প্রদান করা হয়েছে;
- ১৩,৬৭,৫৫৫ জন কিশোর-কিশোরীকে আরটিআই/এসটিআই ব্যবস্থাপনা বিষয়ক সেবা প্রদান করা হয়েছে।

তথ্যসূত্র: https://dgfpmis.org/ss/ssmenu9.php

পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম:

সমাজের সকল স্তরের জনগণের মাঝে পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য এবং জেন্ডার বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন প্রচার মাধ্যম যেমন: টেলিভিশন ও বেতার চ্যানেল, সংবাদপত্র ও সোশ্যাল মিডিয়ায় বহুমাত্রিক তথ্য শিক্ষা ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বিগত ২০২৩-২৪ অর্থবছরে তথ্য, শিক্ষা ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম নিম্নরূপ:

- বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন করা হয়েছে;
- পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন করা হয়েছে;
- অডিও-ভিজুয়াল ভ্যান দ্বারা পরিবার পরিকল্পনা, মা -শিশুস্বাস্থ্য, বয়োসন্ধিকালীন, কোভিড-১৯ বিষয়ক ৯৬৭২টি প্রচারনামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে;
- বাংলাদেশে বেতারের জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল থেকে ৪১৫৩টি অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়েছে;
- বাংলাদেশে টেলিভিশন এর জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল থেকে ৩০১টি অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়েছে;
- পরিবার পরিকল্পনা ও মা-শিশু স্বাস্থ্য বিষয়ে ৪৮৬টি বিজ্ঞাপন বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশিত হয়েছে;

ক্রয় কার্যক্রম:

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিটের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য সেবার জন্য প্রয়োজনীয় জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, ঔষধ ও এমএসআর ক্রয় করা হয়। ২০২৩-২৪ অর্থবছরে জিওবি রাজস্ব এবং উন্নয়ন খাতে মোট ২২টি প্যাকেজে (২০২২-২৩ অর্থবছরের ১০টি প্যাকেজ Carry Forward সহ) ৩৮০১২.৫০ লক্ষ টাকার পণ্য ক্রয়ের লক্ষ্যে চুক্তি সম্পাদিত হয়েছে।

প্রশিক্ষণ, কর্মশালা ও সেমিনার:

পরিবার পরিকল্পনার বিভিন্ন অস্থায়ী, দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির সেবা প্রদান, মা ও শিশু স্বাস্থ্য সেবা, প্রজনন স্বাস্থ্য সেবা, কৈশোরকালীন স্বাস্থ্য সেবা, তথ্য, শিক্ষা ও উদ্বুদ্ধকরণ, ইএমআইএস ইত্যাদি বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৯টি ইউনিট ও ৭টি অপারেশনাল প্ল্যানের মাধ্যমে ৩৯৭টি প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়েছে এবং মোট ৭৫৪৮ জনকে এই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এছাড়াও অধিদপ্তরের কার্যক্রম ও সেবা সংশ্লিষ্ট বিষয়ে ৩২১টি সেমিনার/কর্মশালা আয়োজন করা হয়েছে। এ কার্যক্রমে ২৬,৯১৬ জন অংশগ্রহণ করেছেন।

শূন্যপদ পূরণের তথ্য:

- পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ক্যাডার) এর ১৯৭টি শূন্য পদ (৪৩তম বিসিএস এর মাধ্যমে ৫টি, ৪৪তম বিসিএস এর মাধ্যমে ২৭টি এবং ৪৫তম বিসিএস এর মাধ্যমে ১২টি) পূরণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে;
- পরিবার পরিকল্পনা ক্যাডার [কারিগরী (মেডিকেল)] এর ৬৮৪টি শূন্যপদের মধ্যে ৪৪১টি শূন্যপদ ৪৫তম বিসিএস এর মাধ্যমে এবং ৪৯টি শূন্যপদ ৪৬তম বিসিএস এর মাধ্যমে পূরণের জন্য বিপিএসসি-তে প্রস্তাব প্রেরণ করা হয়েছে;
- সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তার সরাসরি নিয়োগের কোটায় ৮১টি শূন্যপদের মধ্যে ৪৪ তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু ক্যাডার পদে সুপারিশ প্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্যে হতে ১২ জন এবং ৪৭ তম বিসিএস নন-ক্যাডার হতে পূরণের জন্য ৫৮ জনের নিয়োগের অধিযাচন প্রেরণ করা হয়েছে;
- সিনিয়র স্টাফ নার্স এর ৮৮টি পদে নিয়োগের জন্য বিপিএসসি হতে সুপারিশ করা হয়েছে। এর মধ্যে ৮৩ জনের পুলিশ ভেরিফিকেশন ফরম প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে;
- ২০২৩ সালে ছাড়কৃত সদর দপ্তর পর্যায়ের ১১-২০ গ্রেডের ২১৬১টি এবং জেলা পর্যায়ের ৭১৬৫টি পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন;

স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবার সমন্বিত ও সম্পূরক কার্যক্রম:

পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে মাঠপর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম পরিচালিত হচ্ছে:

- কমিউনিটি ক্লিনিকে প্রদত্ত সেবা;
- কমিউনিটি ক্লিনিকসমূহ থেকে কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডারদের পাশাপাশি পরিবার কল্যাণ সহকারীগণ সপ্তাহে ২ (দুই) দিন পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পুষ্টি ও কাউন্সেলিং সেবা প্রদান করছেন;
- ইপিআই কার্যক্রমে অংশগ্রহণ;
- সম্প্রসারিত টিকাদান কর্মসূচি মাঠপর্যায়ে বাস্তবায়নকালে স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য সহকারীদের সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ সহকারীগণ যৌথভাবে কার্যক্রম বাস্তবায়ন করছেন;
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাঠপর্যায়ের স্যাটেলাইট ক্লিনিকসমূহ ইপিআই কেন্দ্রসমূহ হতে একইস্থানে যৌথভাবে আয়োজন এবং স্বাস্থ্য সহকারী, পরিবার কল্যাণ সহকারী, পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ পরিদর্শিকা যৌথভাবে মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং টিকাদান কর্মসূচি বাস্তবায়ন করছেন;
- ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কর্মচারীগণ সমন্বতিভাবে কাজ করে যাচ্ছে। ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে উপসহকারী কমিউনিট মেডিকেল অফিসার, ফার্মাসিস্ট ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ এবং স্বাস্থ্য অধিদপ্তরের ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র ও আরডিসমূহ হতে মেডিকেল এ্যাসিসটেন্ট ও স্বাস্থ্য সহকারীগণ সমন্বিতভাবে সেবা প্রদান করছেন;
- উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অবস্থিত পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং এমসিএইচ ইউনিট হতে পরিবার পরিকল্পনা এবং মা-শিশু স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে;
- জেলা পর্যায়ে নিরাপদ মাতৃত্ব নিশ্চিতকল্পে প্রশিক্ষিত বিশেষজ্ঞ চিকিৎসকদের ঘাটতি মোকাবেলায় স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর সমন্বিতভাবে সেবা বিনিময়ের মাধ্যমে কাজ করে যাচ্ছে;
- পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তরের সকল দিবস এবং সপ্তাহসমূহ যৌথভাবে পালন করা হচ্ছে;
- মাঠপর্যায়ে বিভিন্ন দুর্যোগ মোকাবেলায় স্বাস্থ্য অধিদপ্তর এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের চিকিৎসক, প্যারামেডিক্সসহ সকল পর্যায়ের কর্মীগণ সমন্বয় সাধনের মাধ্যমে যৌথভাবে কাজ করে যাচ্ছে।

চিকিৎসা তথ্য প্রযুক্তি ও চিকিৎসা সেবা আধুনিকীকরণে গৃহীত কার্যক্রম:

- মাঠ পর্যায়ে সেবা প্রদান কার্যক্রম ডিজিটালাইজড করার লক্ষ্যে সেবা প্রতিষ্ঠানসমূহে ই-রেজিস্টার কার্যক্রম অব্যহত আছে। মাঠ পর্যায়ে সেবা প্রদান কার্যক্রম ডিজিটালাইজড করার লক্ষ্যে সেবা প্রতিষ্ঠানসমূহে ই-রেজিস্টার কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত ২৮১৬টি সেবা কেন্দ্র হতে সেবা প্রদানের তথ্য নিয়মিত সংরক্ষণ করা হচ্ছে;

- দেশের সকল পর্যায়ের জনগণকে মা-শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ে তথ্য ও সেবা প্রদানের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কল সেন্টার ১৬৭৬৭ নম্বর হতে ২৪ ঘন্টা/৭দিন ব্যাপী সেবা ও তথ্য প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে মোট ৮০৩৫৩ জনকে তথ্য ও সেবা প্রদান করা হয়েছে।
- নাগরিক সেবায় উদ্ভাবন কার্যক্রমে তথ্যপ্রযুক্তির ব্যবহার করা হচ্ছে। মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুহার হ্রাসকল্পে গর্ভবতী মায়েদের ANC (Ante Natal Care) ও প্রাতিষ্ঠানিক Delivery সেবাগ্রহণে এবং প্রসূতী মায়েদের PNC(Post Natal Care) সেবা গ্রহণে উদ্বুদ্ধকরণের জন্য গর্ভবতী মায়েদের মোবাইল ফোনে ভয়েস কল ও SMS প্রদান করা হচ্ছে;
- অপরিণত ও কম ওজনে জন্ম নেওয়া শিশুদের জন্য মোহম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারে SCANU ওয়ার্ডে আসেপটিক/সেপটিক/স্টেপ ডাউন ০৩টি ইউনিটের মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে। মেনিফোল্ড সিস্টেমে কেন্দ্রীয়ভাবে অক্সিজেন সরবরাহ ব্যবস্থা রয়েছে;
- অপরিণত ও কম ওজনে জন্ম নেওয়া শিশুদের জন্য জাতীয় পর্যায়ের তিনটি হাসপাতালে Kangaroo Mother Care (KMC) চালু করা হয়েছে;
- Laparoscopic সার্জারীর মাধ্যমে Tubal Ligation অপারেশন সেবা মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারে চালু করা হয়েছে;
- Sonology guided treatment এর মাধ্যমে missing Implant অপসারণ এর সেবা মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারে চালু করা হয়েছে;
- ডিসেম্বর ২০১২ হতে Hysteroscope Guided missing IUD অপসারণ এর সেবা মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারে চালু করা হয়েছে;
- মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারে নিঃসন্তান দম্পতিদের চিকিৎসা সেবা প্রাইমারি লেভেল থেকে সেকেন্ডারি লেভেলে উন্নীত করা হয়েছে;
- Histeroscopic treatment এর মাধ্যমে Infertility এর চিকিৎসা মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারে চালু করা হয়েছে।

সকল স্তরে ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি চালু করা:

অধিদপ্তর ও অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতাল (মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান', আজিমপুর, মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার এবং মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর), বিভাগীয়, জেলা ও উপজেলা কার্যালয়ে ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি চালু করা হয়েছে।

হাসপাতালসমূহে সাশ্রয়ী এবং পরিবেশ উপযোগী মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা চালু করা:

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন 'মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান', আজিমপুর-এ ২০১৫ সাল হতে, মোহাম্মদপুর ফার্টিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টারে ২০১৬ সাল হতে এবং নব প্রতিষ্ঠিত মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুরে জুলাই ২০১৯ হতে 'প্রিজম বাংলাদেশ ফাউন্ডেশন' নামক একটি প্রতিষ্ঠানের মাধ্যমে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা করা হয়।

আধুনিক ঔষধ সংরক্ষাণাগার তৈরী:

পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক ক্রয়/সংগ্রহকৃত জন্মনিয়ন্ত্রণ সামগ্রি, ঔষধ ও MSR (Medical Surgical Requisite) আধুনিক পদ্ধতিতে নির্ধারিত তাপমাত্রায় সংরক্ষণের জন্য ঢাকাস্থ মহাখালীতে ২৭০০০বর্গফুট আয়তনের একটি কেন্দ্রীয় পণ্যাগার নির্মাণ করা হয়েছে এবং ০৮ অক্টোবর, ২০২৩ তারিখ হস্তান্তর করা হয়েছে।

নবনির্মিত কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।

পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম:

সমাজের সকল স্তরের জনগণের মাঝে পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য এবং জেন্ডার বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন প্রচার মাধ্যম যেমন: টেলিভিশন ও বেতার চ্যানেল, সংবাদপত্র ও সোশ্যাল মিডিয়ায় বহুমাত্রিক তথ্য শিক্ষা ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বিগত ২০২৩-২৪ অর্থবছরে তথ্য, শিক্ষা ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম নিম্নরূপ:

- বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন;
- পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন;
- পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন টিভিসি বেসরকারি টিভি চ্যানেলে ২৪০০ বার প্রচার করা হয়েছে ;
- এফএম ও কমিউনিটি রেডিওতে ৩২০০ বার বিভিন্ন বার্তা প্রচার করা হয়েছে;
- বাংলাদেশ বেতার জনসংখ্যা ও পুষ্টি সেলের মাধ্যমে ৪৩২৩টি এবং বাংলাদেশ টেলিভিশন ৩৫৩টি অনুষ্ঠানমালা প্রচার করেছে;
- সারাদেশে নিয়োজিত ৪৬ টি এভিভ্যানের মাধ্যমে ৮০১০ বার বিভিন্ন চলচ্চিত্র প্রদর্শন করা হয়েছে;
- সুখী পরিবার কল সেন্টার (১৬৭৬৭) এর মাধ্যমে ১,০২,৮৩২টি সেবা (কল) প্রদান করা হয়েছে;
- বিভিন্ন জাতীয় দৈনিকে ৫৮৬টি বিজ্ঞাপন প্রচার করা হয়েছে এবং
- বিভিন্ন জেলা/উপজেলায় নতুন ১২৮টি বিলবোর্ড স্থাপনের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন বার্তা প্রচার করা হয়েছে।

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৭টি অপারেশনাল প্ল্যানের ২০২৩-২৪ অর্থবছরের আর্থিক অগ্রগতি:

ক্রম	অপারেশনাল প্ল্যান/প্রকল্পের নাম	বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)তে বরাদ্দ (২০২৩-২৪ অর্থবছরে) (লক্ষ টাকায়)	অর্থ ছাড় (লক্ষ টাকায়)	ব্যয় (লক্ষ টাকায়)	এডিপির বিপরীতে অগ্রগতি (%) (লক্ষ টাকায়)	অর্থছাড়ের বিপরীতে অগ্রগতি (%) (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫	৬	৭
১	ফ্যামিলি প্ল্যানিং ফিল্ড সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (এফপি-এফএসডিপি)	৫৮৫১৫.০০	৪৭০৩৪.০০	২২৬৯৯.১৮	৩৮.৭৯	৪৮.২৬
২	ম্যাটারন্যাল, চাইল্ড, রিপ্রোডাকটিভ এন্ড এডোলেসেন্ট হেলথ (এমসিআরএএইচ)	১৫৭৮২.০০	১৩২৬৬.৮৯	১১৫৪৩.৮২	৭৩.১৫	৮৭.০১
৩	ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি)	১৫৭৫৯.০০	১৪২১৬.৩৯	১১২৪২.৭৮	৭১.৩৪	৭৯.০৮
৪	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)	৪৮১২.০০	৪৭৯০.৩৯	১০৯১.২২	২২.৬৮	২২.৭৮
৫	প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাই ম্যানেজমেন্ট (পিএসএসএম)	৩২৭৩.০০	৩২১৪.৪৭	২৮০৯.৭২	৮৫.৮৫	৮৭.৪১
৬	প্ল্যানিং, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন (পিএমই)	১০৯.০০	৮৬.১২	৩৭.৮২	৩৪.৭০	৪৩.৯২
৭	ইনফরমেশন, এডুকেশন এন্ড কম্যুনিকেশন (আইইসি)	৩০০০.০০	২৪৮২.০১	১৬৪০.১৪	৫৪.৬৭	৬৬.০৮
	মোট ৭টি ওপি	১০১২৫০.০০	৮৫০৯০.৬৬	৫১০৬৪.৬৮	৫০.৪৩	৬০.০১

তথ্যসূত্র: এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী, জুন/২০২৪।

জনমিতিক অর্জন:

পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন সূচক	২০২৩ সালের পরিসংখ্যান	উপাত্ত সূত্র
গড় আয়ুষ্কাল	৭২.৩ বছর মহিলা-৭৩.৮ বছর পুরুষ-৭০.৮ বছর	এসভিআরএস- ২০২৩
টিএফআর(TFR)	২.১৭	এসভিআরএস ২০২৩
সিপিআর (CPR)	৬৪%	বিডিএইচএস-২০২২
অপূর্ণ চাহিদা (Unmet need)	১০%	বিডিএইচএস-২০২২
ছেড়ে দেওয়ার হার (Drop out)	৩৭%	বিডিএইচএস-২০২২
নবজাতকের মৃত্যুর হার/১০০০ জীবিত জন্মে	২০/১০০০	বিডিএইচএস-২০২২, এসভিআরএস- ২০২৩
এক বছর বয়সী শিশু মৃত্যুর হার/১০০০ জীবিত জন্মে	২৫/১০০০	এসভিআরএস- ২০২৩
পাঁচ বছরের নীচে শিশু মৃত্যুর হার/১০০০ জীবিত জন্মে	৩১/১০০০	বিডিএইচএস-২০২২
দক্ষসেবা প্রদানকারী দ্বারা প্রসব সেবার হার	৭০%	বিডিএইচএস- ২০২২
প্রাতিষ্ঠানিক প্রসব সেবার হার	৬৫%	বিডিএইচএস- ২০২২
মাতৃমৃত্যুর অনুপাত/১০০০০০ জীবিত জন্মে	১৩৬/১০০০০০	এসভিআরএস-২০২৩
গর্ভকালীন সেবা-১	৮৮%	বিডিএইচএস- ২০২২
গর্ভকালীন সেবা-৪	৪১%	বিডিএইচএস- ২০২২
বাল্য বিবাহ	৫০%	বিডিএইচএস- ২০২২
কৈশোরকালীন গর্ভধারণ	২৪%	বিডিএইচএস- ২০২২
শুধুমাত্র বুকের দুধ খাওয়ানো	৫৫%	বিডিএইচএস-২০২২
খর্বাকৃত (Stunting)	২৪%	বিডিএইচএস- ২০২২
কৃশকায় (Wasting)	১১%	বিডিএইচএস-২০২২
কম ওজন (Under Weight)	২২%	বিডিএইচএস-২০২২
জনসংখ্যা বৃদ্ধির হার	১.২২%	জনশুমারি ২০২২

ভবিষ্যৎ লক্ষ্যসমূহ:

- পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহারের হার ৬৪% (BDHS-২০২২) হতে ২০৩০ সাল নাগাদ ৭৫% এ উন্নীত করা;
- মাতৃমৃত্যুর বর্তমান হার (প্রতি লক্ষ জীবিত জন্মে) ১৩৬ (SVRS-২০২৩) হতে ২০৩০ সালের মধ্যে (SDG-২০৩০) ৭০ এর মধ্যে নামিয়ে আনা;
- পাঁচ বছরের কম বয়সী শিশুর মৃত্যুহার (প্রতি হাজার জীবিত জন্মে) ২০৩০ সালের মধ্যে (SDG-২০৩০) ৩১ (BDHS-২০২২) হতে ২৫ জনে নামিয়ে আনা;
- নবজাতকের মৃত্যুহার (প্রতি হাজার জীবিত জন্মে) ২০৩০ সালের মধ্যে (SDG-২০৩০) ২০ (BDHS ২০২২) হতে ১২ জনে নামিয়ে আনা;
- প্রাতিষ্ঠানিক প্রসব সেবার হার ৬৫% (BDHS-২০২২) হতে আগামী ২০৩০ সাল নাগাদ ৮০% এ উন্নীত করা;
- সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্যসেবা, প্রজনন স্বাস্থ্যসেবা, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে দেশের অন্যান্য এলাকার কার্যক্রমের সাথে সমরূপতা আনয়ন করা এবং এ লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে কাজ করা;

- নারায়ণগঞ্জ, গাজীপুর, সাভার ও চট্টগ্রাম এলাকার গার্মেন্টসে স্যাটেলাইট ক্লিনিক পরিচালনার মাধ্যমে গার্মেন্টসে কর্মরত নারীদের মা, শিশু স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার আওতায় আনার লক্ষ্যে ইতোমধ্যে ১৫টি গার্মেন্টসে কার্যক্রম শুরু হয়েছে যা ক্রমান্বয়ে সকল গার্মেন্টসে সম্প্রসারণ করা;
- বর্তমানে ১৫-১৯ বছর বয়সী কিশোর-কিশোরী ও যুবক-যুবতীদের সংখ্যা মোট জনসংখ্যার ২৯.৮২% (২০২২ সালের আদমশুমারী), সারাদেশে ১২৫৩টি সেবাকেন্দ্রে কৈশোরবান্ধব সেবা কর্নারের মাধ্যমে তাদের সেবা প্রদান করা হচ্ছে এবং ক্রমান্বয়ে সকল সেবাকেন্দ্রে কৈশোরবান্ধব সেবা কর্নার স্থাপনের মাধ্যমে তাদের সেবা প্রদান করা এবং যুবক-যুবতীদের বিবাহপূর্ব কাউন্সিলিং শুরু করা হয়েছে, যা সম্প্রসারণ করা;
- ইলেকট্রনিক প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে e-MIS কার্যক্রম ও DHIS-২ কার্যক্রম বাস্তবায়নসহ তথ্য ব্যবস্থাপনার মাধ্যমে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান যেমন-বিবিএস, সিআরভিএস, নিটা এবং এটুআই এর সাথে সমন্বয় করা;
- ৫০০ মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সংখ্যা ১৫০০ এ উন্নীতকরণ এবং পর্যায়ক্রমে সকল UH&FWC-তে স্বাভাবিক প্রসব সেবাসহ অন্যান্য সকল সেবা নিশ্চিত করা। সর্বজনীন চিকিৎসা সেবা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে পর্যায়ক্রমে সকল UH&FWC-তে ২৪/৭ সেবা চালু রাখা।

তথ্যসূত্র:

- Bangladesh Sample Vital Statistics (BSVS) ২০২৩
- Bangladesh Demographic and Health Survey (BDHS) ২০২২
- জনশুমারী, ২০২২
- Service Statistics of DGFP from https://dgfpmis.org/ss/ssmenu9.php

৮.৯ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

ভূমিকা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও নার্সিং এন্ড মিডওয়াইফারি অধিদপ্তরের মাধ্যমে জেলা, উপজেলা এবং ইউনিয়ন তথা মাঠ পর্যায়ে গুণগত সেবা প্রদানের জন্য দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং উপজেলা কর্মসূচি ব্যবস্থাপক, প্যারামেডিক্স, ইউনিয়ন পর্যায়ে সেবা প্রদানকারী, মাঠ পর্যায়ের সুপারভাইজার এবং মাঠকর্মীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিপোর্ট নানা ধরনের প্রশিক্ষণ প্রদান করে থাকে। সেবার মান উন্নয়ন ও কর্মসূচি মূল্যায়নের জন্য সূচকসমূহের হালনাগাদ তথ্য প্রদানের লক্ষ্যে নিয়মিত গবেষণা ও সার্ভে পরিচালনাও নিপোর্টের আর একটি প্রধান কাজ। এ লক্ষ্যে ১৯৭৭ সালে উন্নয়ন প্রকল্প হিসেবে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) প্রতিষ্ঠিত হয়। ১৯৯৭ সালে নিপোর্টের জনবল রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। নিপোর্ট প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা শহরে ১৪টি আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI), পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন ১টি পরিবার কল্যাণ প্রশিক্ষণ প্রতিষ্ঠান (FWTI) এবং উপজেলা পর্যায়ে ২১টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC)-এর মাধ্যমে প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে।

মাঠ পর্যায়ে স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সেবাপ্রদানকারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গুণগত সেবাপ্রদানের নিমিত্ত দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে নিপোর্ট প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসাবে ২০২৩-২০২৪ অর্থ বছরে নিপোর্ট প্রধান কার্যালয়, ১৩টি RPTI, ১টি FWTI ও ২০টি RTC-এর মাধ্যমে মোট ১৬,৩০৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যেসকল বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো নবজাতকের সমন্বিত সেবা, নব-নিয়োগপ্রাপ্ত সিনিয়র স্টাফ নার্সদের ওরিয়েন্টেশন, নব-নিয়োগপ্রাপ্ত পরিবার কল্যাণ পরিদর্শিকাদের মৌলিক প্রশিক্ষণ, আর্থিক ব্যবস্থাপনা, পরিবার কল্যাণ সহকারীদের ০২ মাসের মৌলিক প্রশিক্ষণ, পরিবার পরিকল্পনা সহকারীদের ১০ দিনের মৌলিক প্রশিক্ষণ, প্রজনন ও যৌনস্বাস্থ্য এবং অধিকার, দলগত প্রশিক্ষণ, মাঠ পর্যায়ের সেবাপ্রদানকারীদের পুন: প্রশিক্ষণ, সুপারভিশন, মনিটরিং ও ফলোআপ, কোভিড-১৯ মহামারী প্রতিরোধ ও নিয়ন্ত্রণ এবং প্রাথমিক পরিচর্যা, দুর্যোগ ব্যবস্থাপনা ও প্রতিরোধ, প্রতিবন্ধী ব্যক্তিদের সুরক্ষা ও স্বাস্থ্য সেবা, অফিস ব্যবস্থাপনা, এবং শৃঙ্খলা, সিস্টাচার ও নৈতিকতা ইত্যাদি।

সেবার মান উন্নয়ন ও কর্মসূচি মূল্যায়ন এবং স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি কার্যক্রম সম্পর্কিত সূচকসমূহের হালনাগাদ তথ্য প্রদানের জন্য গবেষণা করা নিপোর্টের অন্যতম একটি কাজ। গবেষণালব্ধ তথ্য সরকার, উন্নয়ন সহযোগী, অন্যান্য সরকারি ও বেসরকারি শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান ব্যবহার করে থাকে। এসব গবেষণার ফলাফল স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টরের নীতি-নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও সিদ্ধান্ত গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

রুপকল্প **(Vision)**

২০৩০ সালের মধ্যে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টরে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনার ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার একটি নেতৃস্থানীয় প্রতিষ্ঠান (Centre of excellence) হিসেবে নিপোর্টকে গড়ে তোলা।

অভিলক্ষ্য (Mission)

গুণগতমানে উন্নত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে ও চাহিদাভিত্তিক গবেষণা পরিচালনা করে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কর্মসূচির উন্নয়ন ঘটিয়ে দেশের জনসংখ্যাকে সহনীয় পর্যায়ে রাখতে সরকারকে সার্বিক সহযোগিতা প্রদান করা।

উদ্দেশ্য:

স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন জেলা, উপজেলা, ইউনিয়ন ও মাঠপর্যায়ে মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা কার্যক্রমে নিয়োজিত কর্মসূচি ব্যবস্থাপকদের জ্ঞান বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ও মনোভাবের পরিবর্তনের লক্ষ্যে তাঁদের কর্মসংশ্লিষ্ট

বিষয়, যেমন- প্রজনন স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা এবং ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা; প্রজনন স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা এবং জনমিতি বিষয়ে গবেষণা ও জরিপ পরিচালনা করা যাতে নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, ব্যবস্থাপক এবং গবেষকগণ গবেষণা ও সমীক্ষার ফলাফল ব্যবহার করে সঠিকভাবে পরিকল্পনা গ্রহণ ও সূচারুরূপে তা বাস্তবায়ন করতে পারেন।

কার্যাবলী

- স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানকারীদেরকে প্রশিক্ষণ প্রদান;
- প্রশিক্ষণ কারিকুলাম ও উপকরণ প্রণয়ন করা;
- প্রশিক্ষণের নতুন ধারণা ও প্রযুক্তি বিষয়ে তথ্য আদান-প্রদান করা;
- গবেষণা ও সমীক্ষা পরিচালনা করা;
- গবেষণা ও সমীক্ষার ফলাফল ডিসেমিনেশন করা;
- প্রশাসনিক, আর্থিক হিসাব নিরীক্ষা করা ও কর্মী ব্যবস্থাপনা; এবং
- ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা।

ব্যবস্থাপনা ও পরিচালনা কাঠামো

নিপোর্টের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৩টি পরিচালনা বিভাগ রয়েছে; যথা- প্রশাসন, প্রশিক্ষণ ও গবেষণা। মহাপরিচালক নিপোর্টের প্রধান নির্বাহী কর্মকর্তা। তাঁকে সহযোগিতা করেন পরিচালক (প্রশাসন), পরিচালক (প্রশিক্ষণ) ও পরিচালক (গবেষণা)।

প্রশাসনিক কাজ যেমন- কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ, বদলী, পদোন্নতি, বেতন-ভাতাদি, টাইমস্কেল প্রদান, সিলেকশন গ্রেড প্রদান, পদায়ন, প্রেষণ, সাধারণ প্রশাসনিক কার্যাবলী, বাজেট প্রণয়ন-সহ সকল প্রশাসনিক কার্যক্রমের মনিটরিং ও সুপারভিশন প্রশাসন বিভাগ হতে পরিচালক (প্রশাসন) এর মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর ও নার্সিং এন্ড মিডওয়াইফারী অধিদপ্তরের মাঠপর্যায়ে কর্মরত সেবা প্রদানকারীদের মাতৃস্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও শিশু স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও কারিকুলাম প্রণয়ন প্রশিক্ষণ বিভাগের প্রধান কাজ। প্রশিক্ষণ বিভাগে প্রধান পরিচালক (প্রশিক্ষণ)-কে সহায়তার জন্য ১ জন কারিকুলাম বিশেষজ্ঞ, ২ জন উপপরিচালক (প্রশিক্ষণ), ৫ জন ঊর্ধ্বতন প্রশিক্ষক, ১ জন অডিওভিজুয়াল স্পেশালিষ্ট, ৪ জন সহকারী পরিচালক (প্রশিক্ষণ), ৫ জন প্রশিক্ষক রয়েছেন। RPTI পর্যায়ে ১ জন অধ্যক্ষ, ১ জন প্রভাষক (সমাজবিজ্ঞান), ১ জন প্রভাষক (মেডিকেল), ১ জন প্রভাষক (নার্সিং এন্ড মিডওয়াইফারি) ও ৪ জন ফিল্ড ট্রেইনার রয়েছেন, ২ জন নার্স মিডওয়াইফ এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে (RTC) ১ জন প্রশিক্ষণ কর্মকর্তা, ১ জন হোমইকোনমিস্ট, ১ জন প্রভাষক (প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা) ও ১ জন সহকারী প্রশিক্ষক রয়েছেন। তাছাড়া, প্রতিটি RPTI ও RTC-তে নিজ নিজ এলাকার মেডিকেল কলেজের অধ্যাপক, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), সিভিল সার্জন, উপপরিচালক (পরিবার পরিকল্পনা), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং অন্যান্য প্রফেশনাল কর্মকর্তাদের সমন্বয়ে রিসোর্স পারসন পুল রয়েছে। তাঁরা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় ভূমিকা রাখেন। মহাপরিচালক প্রধান নির্বাহী হিসেবে এ সকল কার্যক্রম তদারক ও প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করে থাকেন।

গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য গবেষণা ইউনিটের প্রধান পরিচালক (গবেষণা) রয়েছেন। তাঁর অধীনে ২ জন ঊর্ধ্বতন গবেষণা সহযোগী, ১ জন মূল্যায়ন বিশেষজ্ঞ, ২ জন গবেষণা সহযোগী, ২ জন পরিসংখ্যানবিদ, ১ জন গ্রন্থাগারিক ও ১ জন ডকুমেন্টেশন অফিসার রয়েছেন। তাঁরা সকলেই গবেষণা কার্যক্রমে সহায়তা করে থাকেন।

প্রশিক্ষণ

নিপোর্ট প্রশিক্ষণের মাধ্যমে কর্মসূচি ব্যবস্থাপক, সেবাপ্রদানকারী, প্যারামেডিক, মাঠপর্যায়ের সুপারভাইজার এবং মাঠকর্মীদের মনোভাবের ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি কর্মসূচি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিরা রেখে আসছে যা টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) অর্জনেও কার্যকরী ভূমিকা রাখবে। ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির (4th HPNSP) অন্তর্ভুক্ত প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন (TRD) অপারেশনাল প্ল্যান অন্যতম মানব সম্পদ উন্নয়ন পরিকল্পনা। স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতে এ গুরুত্বপূর্ণ অপারেশনাল প্ল্যান বাস্তবায়নের দায়িত্ব নিপোর্ট-এর উপর ন্যস্ত। দেশব্যাপী বিস্তৃত প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে নিপোর্ট এই গুরুত্বপূর্ণ দায়িত্ব আন্তরিকতা ও সফলতার সাথে পালন করে আসছে।

২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ও অর্জনঃ

